# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Chaitra 05, 1431 Bangla, March 19, 2025, Wednesday, No. 78, 55th year

# H I G H L I G H T S

Chief Adviser Dr Muhammad Yunus has told US Senator Gary Peters that the attacks on the Hindus, following the changeover in August last year, were politically, not religiously, motivated. (BBC: 08)

Foreign Advisor Touhid Hossain has underlined US Intelligence chief Tulsi Gabbard's remarks on persecution of religious minorities and Islamist caliphate in Bangladesh as a serious statement. (R. Today: 13)

Finance Adviser Dr Salehuddin Ahmed has said US Director of National Intelligence Tulsi Gabbard's recent comments on minority persecution in Bangladesh will have no effect on the country's economy in terms of bilateral relations. (R. Today: 14)

Authorities clamped indefinite curfew on parts of the Indian city of Nagpur, following clashes between Hindus and Muslims. (BBC: 05)

The National Consensus Commission is set to begin its dialogues with political parties from Thursday, aiming to build a national consensus on the reform initiatives. (BBC: 08)

A Dhaka court has ordered the freezing of 31 bank accounts linked to former prime minister Sheikh Hasina, her sister, her son, daughter and their associated interests. (BBC: 09)

RAB has arrested Ataullah Abu Ammar Jununi, leader of Myanmar's Arakan Rohingya Salvation Army (ARSA), along with ten associates in Siddhirganj, Narayanganj. (Jago FM: 19)

The U.N. special rapporteur on the situation of human rights in Myanmar Thomas Andrews has predicts imminent famine in Rakhine state of the country due to US cuts to humanitarian aid; if the situation becomes unstable, it could lead to an influx of people to neighboring Bangladesh or beyond. (DW: 11)

Jahangirnagar University authority has suspended 9 teachers, and expelled 289 Chhatra League men for their alleged involvement in attacking protesting students during the July-August uprising on the campus. (BBC: 09)

The Gono Odhikar Parishad has demanded the resignation of advisors Mahfuj Alam and Asif Mahmud Sajib Bhuiyan to ensure the impartiality of the interim government. (BBC: 09)

Hotels, restaurants, and transportation services are closing one after another in Kolkata due to the lack of Bangladeshi tourists. (Jago FM: 16)

**Director: 44813046** **Deputy News Controller: 44813048, 44813179** **Assistant News Controller: 44813047, 44813178**

**দৈনিক মনিটরিং রিপোর্ট**

**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**

**চৈত্র ০৫, বাংলা ১৪৩১, মার্চ ১৯, ২০২৫, বুধবার, নং- ৭৮, ৫৫তম বছর**

# শিরোনাম

আগস্টের পটপরিবর্তনের পর বাংলাদেশের হিন্দুদের ওপর সংঘটিত আক্রমণ ধর্মীয় নয় বরং রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত বলে যুক্তরাষ্ট্রের সিনেটর গ্যারি পিটার্সকে জানিয়েছেন প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস। (বিবিসি: ০৮)

বাংলাদেশে সংখ্যালঘু নির্যাতন এবং ইসলামী খিলাফত বিষয়ে যুক্তরাষ্ট্রের গোয়েন্দা প্রধান তুলসী গ্যাবার্ড যে মন্তব্য করেছেন তা গুরুতর বলে উল্লেখ করেছেন পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন। (রে. টুডে: ১৩)

মার্কিন গোয়েন্দা প্রধান তুলসী গ্যাবার্ডের মন্তব্যে বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক সম্পর্কে কোনো সমস্যা হবে না - বলেছেন অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ । (রে. টুডে: ১৪)

ভারতের নাগপুর শহরের বিভিন্ন এলাকায় হিন্দু ও মুসলমানদের মধ্যে সংঘর্ষের ঘটনায় কারফিউ জারি করেছে প্রশাসন। (বিবিসি: ০৫)

সংস্কার বিষয়ে জাতীয় ঐক্যমত্য সৃষ্টির লক্ষ্যে রাজনৈতিক দলগুলোর সঙ্গে ঐক্যমত্য কমিশনের আলোচনা আগামী বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে। (বিবিসি: ০৮)

সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা, তার ছোট বোন, ছেলে এবং মেয়ের স্বার্থ সংশ্লিষ্ট ৩১টি ব্যাংক হিসাব ফ্রিজ করার নির্দেশ দিয়েছে আদালত। (বিবিসি: ০৯)

মিয়ানমারের সশস্ত্র সংগঠন আরাকান রোহিঙ্গা স্যালভেশন আর্মি (আরসা)-র প্রধান আতাউল্লাহ আবু আম্মার জুনুনীসহ আরও ১০ সদস্যকে নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জ থেকে গ্রেফতার করেছে র‍্যাব। (জাগো এফএম: ১৯)

মিয়ানমারের মানবাধিকার পরিস্থিতি বিষয়ক জাতিসংঘের বিশেষ দূত টম অ্যান্ড্রুজ বলেছেন, মার্কিন মানবিক সহায়তা হ্রাসের ঘোষণার ফলে দেশটির পশ্চিমে রাখাইন রাজ্যে দুর্ভিক্ষ আসন্ন; পরিস্থিতি অস্থিতিশীল হলে প্রতিবেশী বাংলাদেশ বা তার বাইরেও মানুষের ঢল বাড়তে পারে। (ডয়েচে ভেলে: ১১)

জুলাই অভ্যুত্থানের সময় শিক্ষার্থীদের ওপর হামলায় মদত দেওয়ার অভিযোগে ৯ শিক্ষককে সাময়িক বরখাস্ত ও ছাত্রলীগের ২৮৯ জন নেতাকর্মীকে সাময়িক বহিষ্কার করেছে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। (বিবিসি: ০৯)

অন্তর্বর্তী সরকারের নিরপেক্ষতা নিশ্চিতে দুই উপদেষ্টা মাহফুজ আলম ও আসিফ মাহমুদ সজীব ভূঁইয়ার পদত্যাগ দাবি করেছে গণ অধিকার পরিষদ। (বিবিসি: ০৯)

কলকাতায় বাংলাদেশি পর্যটকের অভাবে একের পর এক বন্ধ হয়ে যাচ্ছে হোটেল, রেস্তোরাঁ ও পরিবহন সেবা। (জাগো এফএম: ১৬)

# বিবিসি

## সংখ্যালঘু নির্যাতনকে কেন্দ্র করে তুলসী গ্যাবার্ডের মন্তব্যের প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ

বাংলাদেশে সংখ্যালঘু নির্যাতন ও 'ইসলামি খেলাফত'কে কেন্দ্র করে মার্কিন ন্যাশনাল ইনটেলিজেন্সের প্রধান তুলসী গ্যাবার্ড ভারতীয় সংবাদ মাধ্যমে যে মন্তব্য করেছেন তার প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশের অন্তর্বর্তী সরকার। গতকাল সোমবার রাতে প্রধান উপদেষ্টার দপ্তর থেকে পাঠানো এক বিবৃতিতে বলা হয়েছে, "আমরা গভীর উদ্বেগ ও হতাশার সাথে তুলসী গ্যাবার্ডের বক্তব্য লক্ষ্য করেছি। সেখানে তিনি বাংলাদেশে ধর্মীয় সংখ্যালঘুদের ওপর 'নিপীড়ন ও হত্যা' করা হচ্ছে বলে অভিযোগ করে বলেছেন, 'ইসলামপন্থী সন্ত্রাসীদের হুমকির' মধ্যে ইসলামি খেলাফতের মতাদর্শে দেশ শাসন করার 'আদর্শ ও উদ্দেশ্য নিহিত' আছে।" তুলসী গ্যাবার্ডের করা এই মন্তব্য "বিভ্রান্তিকর" এবং "বাংলাদেশের সুনাম ও ভাবমূর্তির জন্য ক্ষতিকর" বলে উল্লেখ করেছে সরকার। এতে বলা হয়েছে, "বাংলাদেশ ঐতিহ্যগতভাবে শান্তিপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক ইসলাম চর্চার জন্য সুপরিচিত এবং চরমপন্থা ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে অসাধারণ অগ্রগতি অর্জন করেছে"। বিবৃতিতে অন্তর্বর্তী সরকার দাবি করেছে, "গ্যাবার্ডের মন্তব্য সুনির্দিষ্ট কোনো প্রমাণ বা অভিযোগের ওপর ভিত্তি করে করা হয়নি" বরং "পুরো জাতিকে মোটা দাগে ও অযৌক্তিকভাবে উপস্থাপন করা হয়েছে"। বিশ্বের অনেক দেশের মতো "বাংলাদেশও চরমপন্থার চ্যালেঞ্জের মুখোমুখি হয়েছে" বলে বিবৃতিতে উল্লেখ করেছে অন্তর্বর্তী সরকার। তবে আইনশৃঙ্খলা বাহিনী, সামাজিক সংস্কার এবং অন্যান্য সন্ত্রাসবিরোধী প্রচেষ্টার মাধ্যমে এই সমস্যা মোকাবিলায় যুক্তরাষ্ট্রসহ আন্তর্জাতিক সম্প্রদায়ের সঙ্গে অংশীদারিত্বের ভিত্তিতে বাংলাদেশ অব্যাহতভাবে কাজ করছে বলেও বিবৃতিতে জানিয়েছে সরকার। বিবৃতিতে বলা হয়েছে, গ্যাবার্ডের মন্তব্যে "বাংলাদেশকে ইসলামি খেলাফতের সাথে ভিত্তিহীনভাবে যুক্ত করার অর্থ হলো বাংলাদেশের জনগণ, বিশ্বজুড়ে তাদের বন্ধু এবং অংশীদারদের কঠোর পরিশ্রমকে ছোট করে দেখা, যারা কিনা শান্তি, স্থিতিশীলতা ও উন্নয়নের জন্য প্রতিজ্ঞাবদ্ধ"। বাংলাদেশকে "ইসলামি খেলাফতের সঙ্গে যুক্ত করার যে কোনো প্রচেষ্টার" তীব্র নিন্দা জানিয়েছে বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকার। রাজনৈতিক নেতৃবৃন্দ এবং সমাজের গণ্যমান্য ব্যক্তিদের মন্তব্য করার আগে, বিশেষ করে সংবেদনশীল বিষয়ে কথা বলার আগে সেসব বিষয়ে সম্যক ধারণা রাখা উচিত বলে প্রধান উপদেষ্টার দপ্তর থেকে পাঠানো এই বিবৃতিতে বলা হয়েছে। একইসাথে তাদের ক্ষতিকর গৎবাধা ধারণা থেকে বেরিয়ে এসে ভীতিকর তথ্য না ছড়াতে এবং সাম্প্রদায়িক উত্তেজনা উসকে দেয়ার মতো কোনো কিছু বলা থেকে বিরত থাকার আহ্বান জানিয়েছে সরকার। অন্তর্বর্তী সরকারের দেয়া এই বিবৃতিতে বলা হয়েছে, সন্ত্রাসবাদ ও চরমপন্থার বিরুদ্ধে লড়াইয়ে অভিন্ন বৈশ্বিক প্রচেষ্টাকে বাংলাদেশ সমর্থন করে।

বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকার বাস্তব তথ্য ও সকল দেশের সার্বভৌমত্ব এবং নিরাপত্তার প্রতি শ্রদ্ধার ভিত্তিতে গঠনমূলক সংলাপ অংশগ্রহণে প্রতিশ্রুতিবদ্ধ বলে বিবৃতিতে উল্লেখ করা হয়েছে। তিন দিনের ভারত সফরে গিয়ে সে দেশের টেলিভিশন চ্যানেল এনডিটিভি-কে দেওয়া এক সাক্ষাৎকারে মার্কিন ন্যাশনাল ইনটেলিজেন্সের প্রধান তুলসী গ্যাবার্ড বাংলাদেশকে নিয়ে ওই মন্তব্য করেন। গতকাল সোমবার তুলসী গ্যাবার্ডের ওই সাক্ষাৎকার প্রকাশের পর পরই এই প্রতিবাদ জানিয়েছে অন্তর্বর্তী সরকার। এনডিটিভিকে বাংলাদেশ নিয়ে একটি প্রশ্নের জবাবে তুলসী গ্যাবার্ড বলেন, "ইসলামি সন্ত্রাসবাদী'রা নানা দেশে 'ইসলামি খেলাফতে'র আদর্শে শাসনক্ষমতা হাতে নিতে চায়। কিন্তু প্রেসিডেন্ট ট্রাম্প ও তার প্রশাসন এই আদর্শকে পরাস্ত করতে অঙ্গীকারাবদ্ধ। "ইসলামি সন্ত্রাসবাদে'র বিপদ বাংলাদেশকেও প্রভাবিত করছে" বলে ভারতীয় বার্তা সংস্থা এএনআই-কে দেওয়া দ্বিতীয় আর একটি সাক্ষাৎকারেও মন্তব্য করেন তুলসী গ্যাবার্ড। প্রায় দু'মাস আগে মার্কিন প্রেসিডেন্ট হিসেবে ডোনাল্ড ট্রাম্প দায়িত্ব নেয়ার পর তার প্রশাসনের কোনো শীর্ষ কর্মকর্তা এই প্রথম বাংলাদেশের পরিস্থিতি নিয়ে প্রকাশ্যে এত কঠোর মন্তব্য করলেন।

### সংখ্যালঘু ইস্যুতে টুইট করেছিলেন ট্রাম্প

এর আগে যুক্তরাষ্ট্রে প্রেসিডেন্ট নির্বাচনের আগে বাংলাদেশে 'সংখ্যালঘু নির্যাতনের' ইস্যুতে টুইট করেছিলেন ডোনাল্ড ট্রাম্প। গতকাল ৩১শে অক্টোবর বাংলাদেশ সময় অনুযায়ী রাত ১১টায় পোস্ট করা সেই টুইটে তিনি সবাইকে হিন্দুদের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব দীপাবলি'র শুভেচ্ছা জানান। সেই বার্তায় লিখেন, বাংলাদেশে হিন্দু, খ্রিষ্টান ও অন্যান্য সংখ্যালঘুদের ওপর 'বর্বর' সহিংসতা চালানো হচ্ছে এবং তারা হামলা ও লুটপাটের শিকার হচ্ছেন। এসবের নিন্দা জানিয়ে তিনি বলেছেন যে বাংলাদেশ একটি সম্পূর্ণ "বিশৃঙ্খল" অবস্থার মাঝে রয়েছে। গত অগাস্টে বাংলাদেশে রাজনৈতিক পালাবদলের পর থেকেই ভারত ক্রমাগত অভিযোগ করে আসছে যে, সে দেশে হিন্দু-সহ অন্য সংখ্যালঘুরা চরম নির্যাতনের শিকার হচ্ছেন এবং বাংলাদেশের অন্তর্বর্তী সরকার তাদের জীবন ও সম্পত্তি রক্ষায় ব্যর্থ হচ্ছে। মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অন্তর্বর্তী সরকার এই সব অভিযোগ দৃঢ়ভাবে অস্বীকার করে এলেও তুলসী গ্যাবার্ড স্পষ্ট করে দিয়েছেন বর্তমান মার্কিন প্রশাসন সেই বক্তব্যের সঙ্গে একমত নয়। 'সদ্য দায়িত্ব নেওয়া' মার্কিন ক্যাবিনেটের সদস্যরা এই বিষয়টি নিয়ে বাংলাদেশ সরকারের সঙ্গে কথাবার্তা বলতে শুরু করেছেন বলেও জানান মার্কিন গোয়েন্দা প্রধান। এনডিটিভি-র সঙ্গে সাক্ষাৎকারের একপর্যায়ে তুলসী গ্যাবার্ড নিজেই 'ইসলামি সন্ত্রাসবাদে'র প্রসঙ্গ টেনে বলেন, "আরও একবার ইসলামি সন্ত্রাসবাদ নিয়ে বলব, সার্বিকভাবে তারা বিশ্ব জুড়ে যে চেষ্টাটা চালাচ্ছে ... এক এক জায়গায় এক

এক গোষ্ঠী, কিন্তু তাদের আদর্শ ও লক্ষ্যটা অভিন্ন ... আর সেটা হল ইসলামি খেলাফতের আদর্শে দেশ শাসন করা।" প্রেসিডেন্ট ট্রাম্প তার প্রথম মেয়াদের শাসনকাল থেকেই ইসলামি জঙ্গিবাদকে পরাস্ত করতে অঙ্গীকারাবদ্ধ এবং নতুন মেয়াদেও সেই ধারাবাহিকতাই অব্যাহত আছে বলে ওই সাক্ষাৎকারে জানান মিজ গ্যাবার্ড। "দুর্ভাগ্যজনকভাবে এই ইসলামি জঙ্গিবাদের সরাসরি প্রভাব পড়েছে ও এখনও পড়ে চলেছে আমেরিকার মানুষের ওপর" বলেন মিজ গ্যাবার্ড। তিনি বলেন, "আমরা আরও দেখছি এর জন্য কীভাবে ভুগতে হচ্ছে ভারতকে, কীভাবে তা প্রভাব ফেলছে বাংলাদেশে। এখন তা সিরিয়াতে, ইসরায়েলে ও মধ্যপ্রাচ্যের আরও নানা দেশেই প্রভাব ফেলছে।" (বিবিসি ওয়েব পেজ:১৮.০৩.২০২৫ রিহাব)

## এনসিপি'র গঠন থেকে বেরিয়ে আসা শিবিরের সাবেক নেতাদের নতুন সংগঠন কেন, কী চায় তারা ?

জুলাই-আগস্ট আন্দোলনের ছাত্র নেতৃত্ব থেকে গঠন করা হচ্ছে আরেকটি রাজনৈতিক সংগঠন। ঐ ছাত্র নেতৃত্বের যে অংশ নতুন এই সংগঠন করছেন, তাদের প্রধান নেতারা জামায়াতে ইসলামী সমর্থিত ইসলামী ছাত্রশিবিরের সাবেক নেতা। ছাত্র নেতৃত্বের নতুন দল এনসিপি গঠনের প্রক্রিয়াতেই দুটি অংশের বিভাজন দৃশ্যমান হয়। সেই প্রক্রিয়া থেকে বেরিয়ে আসা অংশ আরেকটি রাজনৈতিক সংগঠন কেন করছেন - এমন অনেক প্রশ্নে নতুন আলোচনা চলছে রাজনীতিতে। আলী আহসান জুনায়েদ গত রোববার (১৬ই মার্চ) নিজের ফেসবুক পাতায় একটি পোস্টের মাধ্যমে তাদের নতুন সংগঠন করার কথা প্রকাশ করেন। তিনিই এর একজন প্রধান সংগঠক। তিনি বিবিসি বাংলাকে বলেন, জুলাইয়ের চেতনাকে সামনে রেখে বাংলাদেশের রাজনীতিতে 'প্রেশার গ্রুপ' হিসেবে কাজ করবে তাদের নতুন সংগঠন। নানা শ্রেণি-পেশা ও বয়সের মানুষের পাশাপাশি বেসরকারি বিশ্ববিদ্যালয় ও মাদ্রাসা শিক্ষার্থীরাও সংগঠনটিতে যুক্ত থাকবেন বলে উল্লেখ করেন আলী আহসান জুনায়েদ। তবে অতীতে শিবিরসংশ্লিষ্টতার কারণে আত্মপ্রকাশের আগেই নানা ধরনের প্রশ্ন উঠছে নতুন সংগঠন তৈরির উদ্দেশ্য ও এর নেতৃত্ব নিয়ে। অনেকেই বলেছেন, শিবিরের ট্যাগ থাকায় ছাত্র নেতৃত্বের নতুন দল জাতীয় নাগরিক পার্টি বা এনসিপিতে জায়গা না পাওয়ার কারণেই গড়ছেন এই প্ল্যাটফর্ম; যেখানে থাকতে পারে ধর্মের প্রাধান্য। একইসঙ্গে জুলাই অভ্যুত্থানের মধ্য দিয়ে ইসলামপন্থীদের উত্থানের যে প্রবণতা দেখা গেছে, তা এই সংগঠনের মধ্য দিয়ে আরও শক্তিশালী হতে পারে বলেও মনে করছেন কেউ কেউ। তবে নতুন আরেকটি রাজনৈতিক সংগঠন তৈরির উদ্যোগকে ইতিবাচকভাবেই দেখছে নতুন রাজনৈতিক দল জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)। তবে প্ল্যাটফর্মটিকে 'জামায়াতের বি-টিম' হবার সম্ভাবনাও উড়িয়ে দিচ্ছেন না তারা।

**নতুন সংগঠন তৈরির উদ্যোগ নিয়ে যা জানা যাচ্ছে**

জুলাইয়ের চেতনাকে সমুন্নত রাখতেই নতুন রাজনৈতিক সংগঠনের আবির্ভাব হতে যাচ্ছে বলে দাবি করেন এর উদ্যোক্তারা। প্রধান উদ্যোক্তা আলী আহসান জুনায়েদ বলছেন জুলাইয়ের আকাঙ্ক্ষা বা চেতনা "সামগ্রিকভাবে ক্ষীণ বা দুর্বল" হয়ে যাবার কারণে নতুন এই প্ল্যাটফর্মের উদ্যোগ নিয়েছেন তারা। তিনি আরও বলেন, "অনেকের ফোকাস পয়েন্ট ১০টা হয়ে যাচ্ছে। অর্থাৎ জুলাইয়ের দাবিগুলোও তাদের ফোকাস পয়েন্ট আছে, আরও ৯টা ফোকাস পয়েন্টও আছে। কিন্তু একেবারেই জুলাইয়ের দাবিগুলোকে ফোকাস রেখেই কাজ করবে এমন কোনো প্ল্যাটফর্মকে সিংগুলারলি (এককভাবে) আমরা দেখছি না"। প্রসঙ্গত, জুলাই অভ্যুত্থানের পর সামাজিক ও রাজনৈতিক সংগঠন হিসেবে আবির্ভূত হওয়া জাতীয় নাগরিক কমিটির বড় একটি অংশই নতুন রাজনৈতিক দল জাতীয় জাতীয় নাগরিক পার্টিতে (এনসিপি) গেলেও, তাতে যোগ দেননি ওই নাগরিক কমিটির যুগ্ম আহবায়ক মি. জুনায়েদ। ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা শিবিরের সভাপতিও ছিলেন তিনি। শিবিরসংশ্লিষ্টতার কারণেই নতুন দলের শীর্ষ পদ নিয়ে দ্বন্দ্ব এবং পরে দলটিতে যোগ দেননি বলেও শোনা গেছে। একই কথা শোনা গেছে মি. জুনায়েদ ছাড়াও রাফে সালমান রিফাত এবং আরেফিন মোহাম্মদ হিযবুল্লাহকে নিয়েও, যদিও তাদের কেউই বিষয়টি শিকার করেননি। এ নিয়ে মি. রিফাত বলেন, "পদ-পদবির কথা সত্য না। অনেক বিষয় নিয়ে সোচ্চার থেকেও কাঙ্ক্ষিত প্রতিফলন পাই নাই, তখন মনে হয়েছে পার্টিতে না গিয়ে অবজার্ভ করি"। "পার্টিতে যাওয়ার রাস্তা এখনও যে খোলা না, তেমনটাও না" বলেও মন্তব্য করেন তিনি। এদিকে নতুন দল ঘোষণার দুই সপ্তাহ পরেই ঘোষণা এলো নতুন আরেকটি সংগঠনের। নতুন সংগঠনে থাকবেন মি. রিফাত এবং মি. হিযবুল্লাহও। ফলে এই সংগঠনটি নতুন রাজনৈতিক দলেরই বিকল্প হিসেবে সামনে আসছে কি না, উঠছে এমন প্রশ্নও। তবে এমন বক্তব্য মানতে রাজি নন আলী আহসান জুনায়েদসহ অন্যরা। নতুন দল ঘোষণার পর জাতীয় নাগরিক কমিটি কার্যত নিষ্ক্রিয় হয়ে যাওয়ায় রাজনীতির মাঠে যে শূন্যতা তৈরি হয়েছে, তা পূরণের চিন্তা থেকেই নতুন প্ল্যাটফর্ম করার কথা ভাবা হচ্ছে বলে দাবি করেন রাফে সালমান রিফাত। তিনিও ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রশিবিরের সভাপতির দায়িত্ব পালন করেছেন।

জাতীয় নাগরিক কমিটির অর্গানোগ্রাম বিলুপ্ত করার আগে সংগঠনটির যুগ্ম সদস্য সচিব পদেও ছিলেন তিনি। "জুলাই গণ- অভ্যুত্থানের সময় সংঘটিত অপরাধগুলোর বিচার, ফ্যাসিবাদী দল আওয়ামী লীগকে নিষিদ্ধ, ফ্যাসিবাদী কাঠামোর বিলোপের দাবি বাস্তবায়ন, আধিপত্যবাদবিরোধী অবস্থান এবং জুলাই আন্দোলনের শহীদ এবং আহতদের স্বীকৃতি এবং সম্মান নিশ্চিত করার মতো বিষয়গুলোকে কেন্দ্রে রেখেই নতুন সংগঠন কাজ করবে" বলে জানান আলী আহসান জুনায়েদ। আদর্শের প্রসঙ্গে তিনি বলেন, "ফ্যাসিবাদবিরোধী, আধিপত্যবাদবিরোধী এবং বাংলাদেশপন্থি আন্দোলনে আমরা বিশ্বাস করি। একইসঙ্গে আমরা চাচ্ছি এবং বিশ্বাসও করি যে দুর্নীতিমুক্ত, ন্যায়সঙ্গত, সাম্যপূর্ণ সমাজ আমাদের

গড়তে হবে"। "সাম্প্রদায়িক সম্প্রীতির একটা রাষ্ট্র গঠনে আমাদের সর্বোচ্চ চেষ্টা করতে হবে এবং সেই লক্ষ্যেই কাজ করতে হবে, যাতে করে সব নাগরিকের আজাদির ব্যাপারটা, তাদের সম্মান-ডিগনিটির ব্যাপারটা এবং তার অধিকার নিশ্চিতের ব্যাপারটা থাকে", বলেন মি. জুনায়েদ। সেক্ষেত্রে "এনসিপি, বিএনপি, জামায়াতসহ যারা ফ্যাসিবাদবিরোধী আন্দোলনে অংশ নিয়েছেন, তাদের সবাইকে সাথে নিয়েই" প্ল্যাটফর্মটি কাজ করতে চায় বলে জানান তিনি।

**নতুন সংগঠনে কারা থাকবেন?**

অভ্যুত্থানের অংশ নেয়া "সব ধরনের মানুষের সঙ্গেই আলাপ হচ্ছে" বলে বিবিসি বাংলাকে জানিয়েছেন মি. জুনায়েদ। "যেমন ধরেন প্রাইভেট ইউনিভার্সিটি (বেসরকারি বিশ্ববিদ্যালয়), মাদ্রাসার স্টুডেন্টরা (শিক্ষার্থীরা), নারী যারা ফ্রন্টলাইনে যুদ্ধ করেছেন, তারপর পাহাড়িরা, বিভিন্ন শ্রমিক শ্রেণির মানুষ – আমরা সবার সাথেই কথা বলছিলাম। তাদেরকে নিয়েই আমরা প্ল্যাটফর্মটা লঞ্চ করবো," বলেন তিনি। এর আগে, গত ২৬শে ফেব্রুয়ারি নতুন ছাত্র সংগঠন গণতান্ত্রিক ছাত্র সংসদের প্রায় সব পদে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের দেওয়া হয়েছে এবং বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের বঞ্চিত করা হয়েছে বলে অভিযোগ ওঠে। এ নিয়ে প্রতিবাদের সময় প্রতিবাদকারীদের সঙ্গে ওই সংগঠনের অন্যদের ধাক্কাধাক্কি এক পর্যায়ে গড়ায় হাতাহাতিতেও। তাহলে কি নিজেদের বঞ্চিত মনে করা ব্যক্তিদের নিয়েই করা হচ্ছে সংগঠনটি? মি. জুনায়েদ বলছেন, যারা শুরু থেকে কোনো প্ল্যাটফর্মে যুক্ত হননি কিন্তু জুলাইকে নিয়ে কাজ করতে চান, এমন ব্যক্তিরা যেমন প্ল্যাটফর্মটিতে যুক্ত হবেন তেমনি "বিভিন্ন প্ল্যাটফর্মে যাননি এমন লোকজনও আছেন"। "প্রাইভেট ইউনিভার্সিটির স্টুডেন্টদের মধ্যেতো একটা ক্ষোভ আছেই যে তাদের স্যাক্রিফাইসের (ত্যাগের) তুলনায় তাদের সেই ইভালুয়েশনটা (মূল্যায়ন) হয় নাই"। "আমরা বলছি যে জুলাইয়ের যে স্পিরিটটা আছে, সেটা ধারণ করে কাজ করতে চাই। এক্ষেত্রে প্রাইভেট ইউনিভার্সিটির ওরাও মনে করে এটা নিয়ে কাজ করা দরকার। জুলাইয়ের এই পয়েন্টেই আমরা একটা ইউনিফাইয়িং পয়েন্ট পেয়েছি", বলেন তিনি।

**সংগঠন থেকে গঠিত হবে নতুন রাজনৈতিক দল?**

শুরুতে জাতীয় নাগরিক কমিটির প্রধান লক্ষ্য ছিল "ফ্যাসিবাদী ব্যবস্থার বিলোপ ও নতুন রাজনৈতিক বন্দোবস্ত"। স্বৈরাচার ও গণহত্যাকারীদের বিচার নিশ্চিতের কথা বলেছিল এই সংগঠনটি। তবে নতুন রাজনৈতিক দল ঘোষণার আগ দিয়েই সংগঠনটি জানায়, "নতুন দল আত্মপ্রকাশের মাধ্যমে জাতীয় নাগরিক কমিটির রাজনৈতিক দল গঠনের ঐতিহাসিক দায়িত্ব সম্পন্ন হয়েছে"। সংগঠনের বেশিরভাগ সদস্যই নতুন দলে যোগ দেওয়ায় আহবায়ক, সদস্য সচিব, মুখপাত্র ও মুখ্য সংগঠক ব্যতীত জাতীয় নাগরিক কমিটির অবশিষ্ট অর্গানোগ্রাম, নির্বাহী কমিটি, সেলসমূহ ও সার্চ কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয়। ২৮শে ফেব্রুয়ারি নতুন দল ঘোষণার ১৫ দিনের মধ্যেই নতুন করে সংগঠনের অর্গানোগ্রাম দেওয়ার কথা থাকলেও ১৭ দিন পরও তেমনটা দেখা যায়নি। ফলে জাতীয় নাগরিক কমিটি "ফাংশনেবেল কোনো প্ল্যাটফর্ম হিসেবে কাজ করবে কি না" এমন সন্দেহও প্রকাশ করেন মি. জুনায়েদ। অন্যদিকে জাতীয় নাগরিক কমিটির মতো আসন্ন প্ল্যাটফর্ম থেকেও নতুন কোনো রাজনৈতিক দল গঠনের সুযোগ আছে কি না, এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, "জুলাইয়ের চেতনা সমুন্নত রাখাই আমাদের মূল চিন্তার জায়গা। পিপলের রেসপন্স (মানুষের প্রতিক্রিয়া) কেমন হয় এবং ফিল্ডের (মাঠের) চাহিদা কী হয়- এইটার আলোকে যদি এমন কোনো সিদ্ধান্ত আসে তাহলে তাতে আরও সময় লাগবে"। মোটাদাগে "চাহিদার আলোকে" পরবর্তী সিদ্ধান্ত নেওয়া হবে বলেই মন্তব্য করেন তিনি। এ নিয়ে মি. রিফাত বলেন, অভ্যুত্থানের পর যে ধরনের রাজনৈতিক সংস্কৃতি তারা প্রত্যাশা করছেন অর্থাৎ "যথেষ্ট পরিমাণ গণতান্ত্রিক পরিবেশ নিশ্চিত হয়েছে দেখলে প্রেশার গ্রুপ হিসেবে" থেকে যেতে পারেন।

**নতুন প্ল্যাটফর্ম নিয়ে ইতিবাচক এনসিপি**

আসন্ন রাজনৈতিক প্ল্যাটফর্ম আসার ঘোষণাকে ইতিবাচকভাবেই দেখছে জাতীয় নাগরিক পার্টি বা এনসিপি। এ নিয়ে দলটির জ্যেষ্ঠ যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আদিব বলেন, "তারা তাদের মতো তরুণদের সংগঠিত করছে, আর তরুণরা যে নামে, যে ফরম্যাটেই সংগঠিত হোক না কেন, সবকটাকেই আমরা ইতিবাচকভাবেই দেখি"। অনেকটা একই কথা বলছেন দলটির জ্যেষ্ঠ মুখ্য সমন্বয়কারী আব্দুল হান্নান মাসউদ। বলেন, "এটাকে একটা ভালো উদ্যোগ বলেই মনে করি"। তার মতে, নিজস্ব রাজনৈতিক আদর্শ নিয়ে ভিন্ন একটি প্ল্যাটফর্ম আসছে। তবে প্ল্যাটফর্মটি এনসিপির বিকল্প হতে পারবে না বলেও মনে করেন তিনি। মি. মাসউদ বলেন, "যারা এই সংগঠনের নেতৃত্ব দিচ্ছেন তারাতো অভ্যুত্থানের নেতৃত্ব দেয় নাই বা অভ্যুত্থানের সময় সামনে ছিল না। অভ্যুত্থানকে ক্লেইম করে তারা যদি নেতৃত্ব চায়, এটাতো এদেশের মানুষ গ্রহণ করবে না"। "সেক্ষেত্রে ওনাদের রাজনৈতিক ধারা আছে। জামায়াতের বি-টিম হিসেবে হয়তো আবার আরেকটা রাজনৈতিক দল হতে যাচ্ছে। এটাকে আমরা স্বাভাবিক প্রক্রিয়া মনে করি", বলেন তিনি। তবে নতুন পার্টির সঙ্গে রাজনৈতিক বোঝাপড়ার দূরত্বের কারণেই প্রধান উদ্যোক্তা আলী আহসান জুনায়েদ আরেকটা সংগঠন করছে বলে মন্তব্য করেন মি. আদিব। সেক্ষেত্রে নতুন দলের শীর্ষ পদ নিয়ে সংকট কোনো ফ্যাক্টর না বলেও মত তার।

**"ইসলামিস্টদের উত্থানের প্রবণতা শক্তিশালী হতে পারে"**

জাতীয় নাগরিক কমিটি ইতোমধ্যেই প্রেশার গ্রুপ হিসেবে থাকায় শুরুতেই কোনো বিকল্প হিসেবে নতুন প্ল্যাটফর্ম নিজেদের প্রতিষ্ঠিত করতে সক্ষম হবে বলে মনে করছেন না রাজনৈতিক বিশ্লেষক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক

সাব্বির আহমেদ। বরং জুলাই অভ্যুত্থানের মধ্য দিয়ে ইসলামপন্থীদের উত্থানের যে প্রবণতা দেখা গেছে তা এই ধরনের একটা সংগঠনের মধ্য দিয়ে আরও শক্তিশালী হতে পারে বলেই মনে করেন তিনি। মি. আহমেদ বলেন, "সেক্ষেত্রে সবচেয়ে বড় চ্যালেঞ্জ হলো এই ধরনের সংগঠন ব্যাকগ্রাউন্ডে থেকে কাজ করে। তারা ইসলামিস্ট, কিন্তু পরিচয় দেবে না যে তারা ইসলামিস্ট"। অনেকটা একই মত আরেক রাজনৈতিক বিশ্লেষক ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সামিয়া জামানের। সামিয়া জামান বলছেন, জুলাই গণঅভ্যুত্থানের নেতৃত্বের একটা বিশাল অংশ শিবিরপন্থি ছিল। কিন্তু নতুন দল নিজেদের শিবির ট্যাগিং থেকে আলাদা করতে চাওয়ায় অনেকেই সেই দলে জায়গা পায়নি। ফলে শিবিরপন্থিদের মধ্যে একটা পরিচয় সংকট তৈরি হয়েছে। এই জায়গাটি থেকে বেরিয়ে তারা নতুন পরিচয়ে নতুন রাজনীতির দিকে যেতে চাচ্ছে। একইসঙ্গে "শিবিরের যে পরিচয়, তাদের যে ইতিহাস সেটাকে একটা গর্বের জায়গা থেকে তারা হয়তো নিজেদের আইডেন্টিফাই (পরিচিত) করার চেষ্টা করছে যাতে তাদের শিবির পরিচয় নিয়ে কোনো হীনম্মন্যতার মধ্যে দিয়ে যেতে না হয়", বলেন মিজ জামান। এছাড়াও ছদ্মবেশে রাজনীতি করে অন্যের উদ্দেশ্য পূরণে কাজ করার যে প্রবণতা এককালে বাংলাদেশের রাজনীতিতে ছিল, নতুন করে সেই "সিন্ড্রোম" দেখা যাচ্ছে বলেই মনে করেন অধ্যাপক আহমেদ। অন্যদিকে "ইসলামিস্ট হিসেবে বাজারে কথা চাউর থাকায়" এবং "জুনায়েদের বিরুদ্ধে শিবিরের সঙ্গে সরাসরি সম্পৃক্ততার অভিযোগ থাকায়" সেদিকেই মোড় ঘুরিয়ে তারা যে জামায়াতের বি-টিম হিসেবে যে কাজ করবেন না সে সম্ভাবনাও উড়িয়ে দেয়া যায় না বলেও মন্তব্য করেন তিনি। ফলে "দলীয় লেজুড়বৃত্তিক সংগঠন পরিণত হবার সম্ভাবনা থেকে যাবে" বলেও মত আধ্যাপক আহমেদের।

তবে নতুন প্ল্যাটফর্মের মাধ্যমে শিবিরের রাজনীতি করার সম্ভাবনাকে একেবারেই উড়িয়ে দিয়েছেন প্ল্যাটফর্ম-সংশ্লিষ্টরা। এ নিয়ে মি. জুনায়েদ বলেন, "এই মুভমেন্টে (আন্দোলনে) আমরা যেভাবে লড়াই করেছি, মানুষের সাথে আমাদেরই ওই বন্ধনটা আছে, পরিচিতিটা আছে। তারা আমাদের সহযোদ্ধা হিসেবেই দেখে। কাজের ক্ষেত্রেও আমাদের পূর্বের পরিচয় বাধা হয়ে দাড়ায়নি। বরং আমরা এ বিষয়ে একমত হয়েছি যে জুলাইয়ের এই জায়গাগুলো নিয়ে আমাদের কাজ করতে হবে"। মি. রিফাত বলছেন, এই প্ল্যাটফর্মকে সাবেক শিবির হিসেবে ফ্রেম করা ভুল হবে এবং ২৪'র গণঅভ্যুত্থানের মধ্য দিয়ে ফ্যাসিবাদের তৈরি করা ট্যাগিং রাজনীতির ঊর্ধ্বে ওঠার চেষ্টা ছিল তাদের। তার দাবি, গত ১৫-১৬ বছর ধরে শিবির প্রচণ্ড একটা ডিহিউম্যানাইজেশনের (বিমানবিকীকরণ) মধ্য দিয়ে গেছে। বিরোধী রাজনৈতিক দলের মানবিক মর্যাদা ছিল। তাদের কেউ অত্যাচারিত হলে তার প্রতিবাদ হতো, সমাজের বিভিন্ন স্তরের মানুষজন সেটা করতো। কিন্তু শিবির ট্যাগ দিলেই তা নিয়ে হতো না কোনো উচ্চবাচ্য। মি. রিফাত বলেন, "আমাদের লড়াইটা এটার বিরুদ্ধে থাকবে। আর এটা সাবেক শিবিরের প্ল্যাটফর্ম না, জুলাই অংশীজনদের প্ল্যাটফর্ম"। "পলিটিক্যাল-নন পলিটিক্যাল যারাই আসতে চায়, এই মূলনীতির আলোকে বাংলাদেশকে দেখতে চায়, পুরোপুরিভাবে ফ্যাসিবাদী ব্যবস্থার নির্মূল চায়, একইসাথে সুস্থধারার রাজনৈতিক চর্চা দেখতে চায়, দুর্নীতিবিরোধী অবস্থান আছে - এটা অভ্যুত্থানের সবার প্ল্যাটফর্ম", বলেন তিনি। মিজ জামান বলছেন, শিবিরের পরিচয় দিয়ে তাদের যে বিমানবিকীকরণ করা হয়েছে, সেই পরিচয়কেই ক্যাপিটালাইজ করে বাংলাদেশের রাজনীতিতে তারা এই প্ল্যাটফর্ম আনতে চাচ্ছে। তার মতে, তাদের চোখে জুলাইয়ের গণঅভ্যুত্থানের স্পিরিটটা আসলে কী ছিল, সেটা তারা হয়তো নতুনভাবে সংজ্ঞায়িত করতে চাচ্ছে- যেটা এনসিপি থেকে হয়তো আলাদা হবে। শাপলা, পিলখানার উল্লেখ করে নতুন রাজনৈতিক প্ল্যাটফর্ম নিয়ে প্রথম পোস্টেই যে কথাগুলো লেখা হয়েছে সেই প্রসঙ্গে টেনে সামিয়া জামান বলেন, "ধর্মভিত্তিক রাজনীতি করায় নতুন দলে তারা যে জায়গা বুঝে পায়নি, সেটার জন্য তারা নতুন প্ল্যাটফর্ম করেছে"। "একইসঙ্গে যে ট্যাগিং রাজনীতির মাধ্যমে তাদের ডিহিউম্যানাইজ (বিমানবিকীকরণ) বা মার্জিনালাইজ (প্রান্তিকীকরণ) করা হয়েছে, সেখান থেকে সরে তারা নিজদের পরিচয় নতুন করে তুলে ধরতে চাচ্ছে; যেখান থেকে বোঝা যাচ্ছে ইসলামিস্টদের একটা বড় প্রভাব সামনের দিনগুলোতে থাকবে", বলেন তিনি। তবে "স্বীকার না করলেও নতুন দল যে রাষ্ট্রীয় আনুকূল্য পেয়েছে" তা নতুন প্ল্যাটফর্ম পাবে না বলেই মনে করছেন অধ্যাপক আহমেদ। ফলে "পরীক্ষাটা তাদেরই হবে। প্রথমেই তারা বিকল্প হিসেবে দাঁড়াতে চাওয়ায় নিশ্চিতভাবেই আন্তরিকতা বা সিরিয়াসনেস বেশি থাকবে"। একইসঙ্গে বৈষম্যবিরোধীদের নেতৃত্বের মধ্যে নৈতিক জায়গায় যে ঘোলাটে বিষয় দেখা গেছে সেই "শূন্যতা যদি তারা পূরণ করতে পারে, তারা যদি এথিক্যালি (নৈতিকভাবে) প্রমাণ করতে পারে তাদের বিরুদ্ধে কোনো স্ক্যান্ডাল নেই, তারা কোনো চাঁদাবাজির সঙ্গে জড়িত না, দুর্বৃত্তায়নের সাথে জড়িত না, তারা কারও কাছ থেকে চাঁদা নিয়ে চলে না – শুরুর দিকে এই ধারণা দিতে পারলে মানুষ তাদের গ্রহণ করবে" বলেও মত তার। পরবর্তী সময়ে যদি আসলেই কিছু করে দেখাতে পারে তাহলে তাদের গ্রহণযোগ্যতা বাড়বে বলেও মনে করেন এই বিশ্লেষক। (বিবিসি ওয়েব পেজ:১৮.০৩.২০২৫ রিহাব)

## ভারতের নাগপুরে হিন্দু-মুসলমান সহিংসতা, কারফিউ জারি

ভারতের মহারাষ্ট্রের নাগপুর শহরের বিভিন্ন এলাকায় সোমবার রাত থেকে হিন্দু ও মুসলমানদের মধ্যে সংঘর্ষ চলেছে। ব্যাপক পাথর ছোঁড়াছুঁড়ি, দোকান ও গাড়িতে অগ্নিসংযোগ করা হয়েছে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ কাঁদানে গ্যাসের শেল ব্যবহার করে। পরে কারফিউ জারি করেছে প্রশাসন। সংবাদ সংস্থা পিটিআই জানিয়েছে, নাগপুর শহরের মহাল এলাকায় সোমবার সন্ধ্যায় সংঘর্ষ শুরু হয়। পুলিশের দিকেও ব্যাপক পাথর ছোঁড়া হয়। প্রাথমিকভাবে ছয় জন বেসামরিক নাগরিক ও তিনজন পুলিশ অফিসার আহত হন বলে জানিয়েছে সংবাদ সংস্থাটি। এরপরে কোতোয়ালি আর

গণেশপেঠ এলাকাতেও সংঘর্ষ ছড়ায়। হাজার খানেক মানুষ ব্যাপকভাবে পাথর ছোঁড়া, ভাঙচুর চালায়। দোকানপাট আর গাড়িতে আগুন দেওয়া হয়। মঙ্গলবার প্রায় ভোররাত পর্যন্ত পুলিশ নানা এলাকায় চিরুনি তল্লাশি চালিয়ে ২০ জনকে আটক করেছিল। বেলা দশটা নাগাদ মহারাষ্ট্রের স্বরাষ্ট্র দফতরের রাষ্ট্র মন্ত্রী যোগেশ কদম সংবাদ সংস্থা এএনআইকে জানিয়েছেন, "সহিংসতার কারণ এখনও খুঁজে বার করা যায়নি। এখনও পর্যন্ত ৪৭ জনকে আটক করা হয়েছে।" মঙ্গলবার সকালে পরিস্থিতি অনেকটাই নিয়ন্ত্রণে আনা গেছে বলে পুলিশ জানিয়েছে। যদিও কারফিউ জারি আছে সেখানে। যে অঞ্চলে সংঘর্ষ ছড়িয়েছিল, সেই মহাল অঞ্চল ছাড়া শহরের অন্যান্য এলাকায় জনজীবন স্বাভাবিকই আছে বলে স্থানীয় সাংবাদিকরা জানাচ্ছেন। তবে পুলিশ নাগরিকদের প্রতি আবেদন জানিয়েছে যাতে প্রয়োজন ছাড়া কেউ বাইরে না বের হন। যেসব এলাকায় সোমবার রাত থেকে সংঘর্ষ ছড়িয়েছে, সেটি হিন্দু পুণরুত্থানবাদী সংগঠন রাষ্ট্রীয় স্বয়ংসেবক সংঘ বা আরএসএসের মূল কার্যালয়ের একেবারেই কাছে। আবার মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফডনবিশের বাড়িও নাগপুরেই।

**ঘটনার সূত্রপাত যেভাবে**

সোমবার দুপুরে মুঘল সম্রাট আওরঙ্গজেবের কবর সরিয়ে দেওয়ার দাবিতে হিন্দুত্ববাদী সংগঠন বজরং দল নাগপুরের মহাল এলাকায় একটি বিক্ষোভ জমায়েত করে। ওই বিক্ষোভে আওরঙ্গজেবের একটি ছবি পুড়িয়ে দেওয়া হয়। মহারাষ্ট্রের ছত্রপতি সম্ভাজিনগর জেলায় অবস্থিত খুলদাবাদ থেকে আওরঙ্গজেবের কবর সরিয়ে দেওয়ার দাবিতে রাজ্যের নানা জায়গায় বিক্ষোভ হচ্ছে। রাজ্যের মুখ্যমন্ত্রী দেবেন্দ্র ফডনবীশ বলেছেন যে আওরঙ্গজেবের ওপরে মানুষের ক্ষোভের উৎস হলো বলিউডের ছবি 'ছাভা'। মঙ্গলবার মহারাষ্ট্র বিধানসভায় মি. ফডনবীশ বলেছেন, "ছাভা সিনেমাটাই আওরঙ্গজেবের বিরুদ্ধে মানুষকে ক্ষুব্ধ করে তুলেছে। সহিংসতা আর দাঙ্গা দেখে মনে হচ্ছে এটা পূর্ব পরিকল্পিত। নির্দিষ্ট করে কিছু বাড়ি ও দোকান চিহ্নিত করে হামলা চালিয়েছে মব। তবুও মহারাষ্ট্রকে শান্ত রাখা সবারই কর্তব্য," বিধানসভায় বলেন মি. ফডনবীশ। সংবাদ সংস্থা পিটিআই পুলিশ সূত্র উদ্ধৃত করে জানিয়েছে, ওই বিক্ষোভ চলাকালে কোরআন পুড়িয়ে দেওয়া হয়েছে বলে গুজব ছড়ায়, যাতে মুসলমান সমাজের মধ্যে ব্যাপক ক্ষোভ ছড়ায়। পরে এই এই সংক্রান্ত একটি অভিযোগও পুলিশের কাছে দায়ের করা হয়। নাগপুর পুলিশের ডেপুটি কমিশনার অর্চিত চন্দক সংবাদ সংস্থা এএনআইকে বলেছেন যে একটি গুজবের ফলেই সোমবারের ঘটনার সূত্রপাত। "কিছু ভুল তথ্যের ফলেই এই ঘটনা হয়েছে। এখন পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে। সবার কাছেই আবেদন যে ঘর থেকে বের হবেন না, পাথর ছুঁড়বেন না। গুজবে বিশ্বাস করবেন না," বলেন মি. চন্দক। আবার নাগপুর থেকে নির্বাচিত সংসদ সদস্য ও কেন্দ্রীয় মন্ত্রী নীতিন গডকরিও বলছেন যে গুজব থেকেই এই সাম্প্রদায়িক সহিংসতা শুরু হয়েছে। নিজের এক্স হ্যান্ডেলে তিনি জানিয়েছেন, "কিছু গুজবের কারণেই নাগপুরে সাম্প্রদায়িক উত্তেজনার পরিস্থিতি তৈরি হয়েছে। এ ধরনের ঘটনায় শান্তি বজায় রাখাটাই শহরের ঐতিহ্য। আমি সবার কাছে আবেদন করব যে কেউ কোনো ধরনের গুজবে কান দেবেন না, শান্তি বজায় রাখুন।" এআইএমআইএম নেতা ও প্রাক্তন বিধায়ক ওয়ারিস পাঠানের কথায়, "নাগপুরে অগ্নিসংযোগ ও পাথর ছোঁড়াছুঁড়ির ঘটনা হয়েছে। আমরা এ ধরনের সহিংসতার তীব্র নিন্দা জানাই। প্রত্যেকের উচিত কঠোরভাবে আইনশৃঙ্খলা মেনে চলা। কিন্তু এই ঘটনা হলো কীভাবে? প্রশাসন তদন্ত করে দেখুক এর পিছনে কী কারণ ছিল।" তিনি এও বলেছেন যে গত কয়েকদিন ধরেই আওরঙ্গজেবের কবরের বিষয়টা নিয়ে মহারাষ্ট্রে উত্তেজনা তৈরি করা হচ্ছে যাতে অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয় থেকে দৃষ্টি সরিয়ে দেওয়া যায়।

**প্রত্যক্ষদর্শীরা যা বলছেন**

সংবাদ সংস্থা পিটিআই জানাচ্ছে, সোমবার রাতে সব থেকে বেশি সহিংসতা হয়েছে শহরের চিটনিস পার্ক থেকে শুখরাওয়ারি তালাও রোড পর্যন্ত। এই অঞ্চলে বেশ কয়েকটি চার চাকার গাড়িতে আগুন দেওয়া হয়, আবাসিক ভবনগুলোকে লক্ষ্য করে পাথর ছোঁড়া হয়। এই এলাকার কয়েকজন বাসিন্দা সংবাদ সংস্থা পিটিআইকে জানিয়েছেন যে সন্ধ্যা সাড়ে সাতটা নাগাদ একটা মব ঢুকে পড়ে সেখানে। এলাকার বাড়িগুলোর দিকে পাথর ছোঁড়া হতে থাকে, গাড়ি ভাঙচুর করা হয়। চারটি গাড়ি জ্বালিয়ে দেওয়া হয়, একটি গাড়ি সম্পূর্ণ পুড়ে গেছে। এরপরে হনসাপুরি এলাকাতেও সহিংসতা ছড়ায়। ঐ অঞ্চলের এক দোকানি সংবাদ সংস্থা এএনআইকে বলেছেন, "রাত সাড়ে ১০টা নাগাদ আমি দোকান বন্ধ করছিলাম। হঠাৎ দেখি একদল লোক গাড়িতে আগুন দিচ্ছে। আমি জল নিয়ে এসে আগুন নেভাতে গেলে ওরা আমার মাথায় পাথর ছোঁড়ে।" ঐ ব্যক্তির দুটি গাড়ি আর কাছাকাছি রাখা আরও কিছু গাড়িতে আগুন ধরিয়ে দেয় ঐ দুষ্কৃতিকারীরা। হনসাপুরির আরেক বাসিন্দা এএনআইকে জানিয়েছেন যে সহিংসতা শুরুর আগে আক্রমণকারীরা প্রথমে সিসিটিভি ক্যামেরাগুলো ভেঙে গুঁড়িয়ে দেয়। তার কথায়, "ওদের মুখ ঢাকা ছিল। ধারালো অস্ত্র, লাঠি আর কাঁচের বোতল নিয়ে এসেছিল ওরা। এসেই দোকানগুলোয় হামলা চালাতে থাকে, পাথর ছুঁড়ছিল ওরা, গাড়িতেও আগুন লাগিয়ে দেয়।" আরেক বাসিন্দার অভিযোগ খবর দেওয়ার প্রায় দেড় ঘণ্টা পরে পুলিশ পৌঁছিয়েছিল সেখানে।

(বিবিসি ওয়েব পেজ:১৮.০৩.২০২৫ রিহাব)

## তুলসী গ্যাবার্ডের বক্তব্য বাংলাদেশের জন্য কী বার্তা দিচ্ছে?

বাংলাদেশে সংখ্যালঘু নির্যাতন ও 'ইসলামি খেলাফত' নিয়ে মার্কিন ন্যাশনাল ইন্টেলিজেন্সের প্রধান তুলসী গ্যাবার্ডের করা মন্তব্যকে ঘিরে সামাজিক যোগাযোগ মাধ্যমে চলছে ব্যাপক আলোচনা। সোমবার সন্ধ্যায় ঐ মন্তব্য প্রকাশের পর

রাতেই প্রতিবাদ জানিয়ে বিবৃতি দিয়েছে বাংলাদেশের অন্তবর্তী সরকার। তিন দিনের ভারত সফরে গিয়ে সে দেশের টেলিভিশন চ্যানেল এনডিটিভি-কে দেওয়া এক সাক্ষাৎকারে তুলসী গ্যাবার্ড বাংলাদেশকে নিয়ে করা এক প্রশ্নের জবাবে ওই মন্তব্য করেন। তিনি বলেন, " দুর্ভাগ্যজনকভাবে খুব লম্বা সময় ধরে সেখানে হিন্দু, খ্রীষ্টান, বৌদ্ধ, ক্যাথলিক ও অন্যদের ওপর যে ধর্মীয় নির্যাতন, হত্যা ও অত্যাচার চালানো হচ্ছে সেটা আমেরিকার সরকার তথা প্রেসিডেন্ট ট্রাম্প ও তার প্রশাসনের জন্য খুব বড় একটা উদ্বেগের জায়গা।" এদিকে সোমবার রাতেই এ মন্তব্যের প্রতিবাদ জানিয়ে বিবৃতি দিয়েছে বাংলাদেশের অন্তবর্তী সরকার। ওই বিবৃতিতে এ মন্তব্যকে 'বিভ্রান্তিকর' এবং 'বাংলাদেশের সুনাম ও ভাবমূর্তির জন্য ক্ষতিকর' বলে উল্লেখ করা হয়েছে। একইসাথে অন্তবর্তী সরকার দাবি করেছে, "গ্যাবার্ডের মন্তব্য সুনির্দিষ্ট কোনো প্রমাণ বা অভিযোগের ওপর ভিত্তি করে করা হয়নি" বরং "পুরো জাতিকে মোটা দাগে ও অযৌক্তিকভাবে উপস্থাপন করা হয়েছে"। প্রায় দু'মাস আগে মার্কিন প্রেসিডেন্ট হিসেবে ডোনাল্ড ট্রাম্প দায়িত্ব নেয়ার পর তার প্রশাসনের কোনও শীর্ষ কর্মকর্তা এই প্রথম বাংলাদেশের পরিস্থিতি নিয়ে প্রকাশ্যে এত কঠোর মন্তব্য করলেন। প্রশ্ন উঠেছে যুক্তরাষ্ট্রের গোয়েন্দা বাহিনী প্রধানের বক্তব্যই বাংলাদেশের প্রতি যুক্তরাষ্ট্রের মনোভাবের প্রকাশ কি না? মিজ গ্যাবার্ডের এই মন্তব্য এখন বাংলাদেশকে কী বার্তা দিচ্ছে?

**'এই বক্তব্যকে একটা দেশের নীতি বলা যাবে না'**

গণআন্দোলনের মুখে পাঁচই অগাস্ট শেখ হাসিনা সরকারের পতনের পর আটই অগাস্ট অন্তবর্তী সরকার গঠন হয়েছিলো। সরকার বিহীন এই তিনদিনে দেশের বিভিন্ন স্থানে সংখ্যালঘু সম্প্রদায় ও তাদের বিভিন্ন স্থাপনার ওপর হামলার অভিযোগ উঠেছে। সেসময় সরকারের দিক থেকে কেউ কেউ বলার চেষ্টা করেছেন যে সংখ্যালঘুদের মধ্যে যারা বিগত আওয়ামী লীগ সরকার কিংবা দলের সঙ্গে সম্পৃক্ত ছিলো তারা কেউ কেউ আক্রান্ত হয়েছেন, তবে 'সংখ্যালঘু বলে কেউ আক্রমণের শিকার হননি'। যদিও ওই সময়ের মধ্যে অন্তত উনত্রিশটি জেলায় সংখ্যালঘু সম্প্রদায়ের বাড়িঘর, ব্যবসাপ্রতিষ্ঠান ও উপাসনালয়ে ভাঙচুর ও লুটপাটের অভিযোগ করেছিলো হিন্দু বৌদ্ধ খ্রিস্টান ঐক্য পরিষদ। পরবর্তীতে দূর্গাপুজোর সময় সংখ্যালঘুদের মন্দির ও স্থাপনায় নিরাপত্তা জোরদারও করা হয়। পরিস্থিতি জটিল হয়ে ওঠে গত বছরের ২৫শে অক্টোবর চট্টগ্রামে সনাতন জাগরণ মঞ্চের সমাবেশ ও পরবর্তীতে রাষ্ট্রদ্রোহের মামলায় ইসকন নেতা চিন্ময় কৃষ্ণ দাস গ্রেফতারের পর। সেই সময় আদালতে মি. দাসের অনুসারীদের সাথে সংঘর্ষে একজন আইনজীবী নিহত হয়। চিন্ময় কৃষ্ণ দাসের গ্রেফতারের পর ভারতের হিন্দুত্ববাদী দলগুলো বেশ আগ্রাসী প্রতিক্রিয়া ব্যক্ত করতে শুরু করে। বাংলাদেশেও শুরু হয় ইসকন ও ভারত বিরোধী প্রচারণা। এরপর থেকেই বাংলাদেশ ও ভারতের মধ্যে পাল্টাপাল্টি বিবৃতি, সামাজিক মাধ্যমে পতাকা অবমাননার ছবি প্রচারসহ ভারত ও বাংলাদেশে পরস্পরবিরোধী আগ্রাসী প্রচারণা, কলকাতায় বাংলাদেশ উপ-হাইকমিশনের সামনে বিক্ষোভ এবং দেশের বিভিন্ন জায়গায় সংখ্যালঘু কিংবা তাদের উপাসনালয়ে ভাংচুর-হুমকির অভিযোগ উঠে। এছাড়া ভারতে অবস্থানরত শেখ হাসিনার নানা বক্তব্যও এ সম্পর্ককে আরও প্রকট করে তোলে। অন্তবর্তী সরকারের প্রায় আট মাসের বেশিরভাগ সময়ে ভারতের সাথে সেই সম্পর্কের খুব বেশি উন্নতি আর দেখা যায়নি। যদিও সম্পর্কোন্নয়নে দুই দেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের উচ্চ পর্যায়ের কর্মকর্তাদের একাধিক বৈঠক হয়েছে। বাংলাদেশের পক্ষ থেকে এ সম্পর্ক উন্নয়নের চেষ্টার কথা এর আগে বিবিসি বাংলাকে জানিয়েছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস। গেল কয়েক সপ্তাহ অনেকটা নিস্তরঙ্গ সম্পর্ক কাটলেও সোমবার ভারতে বসে বাংলাদেশকে নিয়ে মিজ গ্যাবার্ডের করা মন্তব্যকে ঘিরে নতুন আলোচনা শুরু হয়েছে। অনেকেই সামাজিক মাধ্যমে ওই বক্তব্যের প্রতিক্রিয়া জানিয়েছেন। সাবেক কূটনীতিক হুমায়ুন কবির মনে করছেন অসম্পূর্ণ তথ্যের কারণে মিজ গ্যাবার্ড ওই মন্তব্য করেছেন। হুমায়ুন কবির বিবিসি বাংলাকে বলেন, "তুলসী গ্যাবার্ড বাংলাদেশের বাস্তব অবস্থা সম্পর্কে যথাযথভাবে হয়তো অবহিত নন সে কারণে তিনি এ মন্তব্যটা করেছেন। কাজেই তাকে যদি আমরা বাংলাদেশের বর্তমান অবস্থাটা জানাতে পারি তাহলে আমি মনে করি তিনি যেটা মনে করছেন সেটা হয়তো তার পরিবর্তনের সুযোগ রয়েছে।" মিজ গ্যাবার্ড যুক্তরাষ্ট্র সরকারের গুরুত্বপূর্ণ দায়িত্বে আছেন বলে তার বক্তব্যকে কম গুরুত্ব দিয়ে দেখার অবকাশ নেই মন্তব্য করে মি. কবির বলেন, "সেজন্যই আমার ধারণা বাংলাদেশ সরকারের সর্বোচ্চ পর্যায় থেকেই একটা প্রতিক্রিয়া দেওয়া হয়েছে।" এই বিবৃতির বাইরে বাংলাদেশের আর কোন কিছু এখন আর করার কোনো প্রয়োজন নেই বলে মনে করেন সাবেক এই রাষ্ট্রদূত।

মিস গ্যাবার্ড তার সাক্ষাৎকারে জানিয়েছেন, বাংলাদেশ সরকারের সঙ্গে প্রেসিডেন্ট ট্রাম্পের ক্যাবিনেটের সদ্য দায়িত্ব নেওয়া সদস্যদের কথাবার্তা কেবল শুরু হয়েছে। এ বিষয়টি উল্লেখ করে মি. কবির জানান, এখন বাংলাদেশ সরকারের পক্ষ থেকে বর্তমান বাস্তব অবস্থা তুলে ধরলে মিজ গ্যাবার্ডের অবস্থানের পরিবর্তন হতে পারে। বাংলাদেশে সন্ত্রাসবাদের উত্থানে মিজ গ্যাবার্ডের মন্তব্য দেশটির অতীতের রেকর্ডকে অনুসরণ করে না বলে জানান তিনি। গত ১০ বছরে বাংলাদেশে যেভাবে জঙ্গি কর্মকাণ্ড, সন্ত্রাসবাদের বিরুদ্ধে অবস্থান তৈরি করেছে, তথ্যউপাত্তের সাথে মার্কিন গোয়েন্দা প্রধানের বক্তব্য যে মেলে না, সেটা জোরালোভাবে তুলে ধরা উচিত বলে তিনি মনে করেন। মিজ গ্যাবার্ডের এই বক্তব্যকে একটা দেশের নীতি বলা যাবে না উল্লেখ করে তিনি বলেন, "একটা বক্তব্য তো আর একটা নীতি হয় না, একটা বক্তব্য একটা অবস্থান হতে পারে। কাজেই সেই অবস্থানটা যে বাস্তব ও বস্তুনিষ্ঠ নয়, সেটা আমাদের তুলে ধরতে হবে।"

**'সমস্যা সমাধানে সরকারকে জোর দিতে হবে'**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের অধ্যাপক ড. ইমতিয়াজ আহমেদ মনে করেন, যেসব সমালোচনা তৈরি হয়েছে, সেগুলোর কারণ খুঁজে বাংলাদেশকেই সমাধানের কথা ভাবতে হবে। অন্তবর্তী সরকার এই সংখ্যালঘু ইস্যুতে বেশ কিছু পদক্ষেপও নিয়েছিলো বলে উল্লেখ করেন মি. আহমেদ। সেগুলোও তুলে ধরা দরকার বলে তিনি মনে করেন। তিনি বলেন, "এ বিষয়টাকে ভালো করে অ্যাড্রেস (নজর দেয়া) করা দরকার। সমালোচনাটা বাড়তে থাকলে আদৌ ঠিক কি না, এভিডেন্স কোথায় এগুলো ভালো করে দেখা দরকার। যেহেতু একটা সমালোচনা আছে এটা আমাদেরই ঠিক করতে হবে।" বাংলাদেশের বিভিন্ন গণমাধ্যমেও সংখ্যালঘুদের নিয়ে বিভিন্ন ধরনের সংবাদ প্রকাশিত হয়েছে। ফলে এ বিষয়টি গুরুত্বের সাথে নিতে হবে বলে মনে করছেন এই অধ্যাপক। তিনি বলেন, "যুক্তরাষ্ট্র এটা নিয়ে একটা অ্যাটেনশন দিয়েছে, ফলে তার কী এভিডেন্স আছে সেটাও দেখা দরকার। ফলে বাংলাদেশের সরকারকেই এখন দৃশ্যত তুলে ধরতে হবে যে, সংখ্যালঘুদের সুরক্ষায় কী কী পদক্ষেপ নেয়া হয়েছে, তারা ভয় - ভীতির মধ্যে নেই।" (বিবিসি ওয়েব পেজ:১৮.০৩.২০২৫ রিহাব)

## পল্লবীতে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগে দুইজন গ্রেফতার

ঢাকার পল্লবীতে একজন নারীকে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগে দুইজনকে গ্রেফতার করেছে পল্লবী থানা পুলিশ। পল্লবী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. নজরুল ইসলাম বিবিসি বাংলাকে জানান, অভিযোগকারী নিজেকে সংবাদকর্মী হিসেবে পরিচয় দিয়ে এজাহারে উল্লেখ করেছেন, "মাটিকাটা এলাকায় লোকজনকে জিম্মি করে অর্থ আদায়ের খবর সংগ্রহ করতে সোমবার **১১** টা নাগাদ তিনি সেখানে যান। এসময় তাকে **১৬** জন লোক ঘিরে ফেলে। সেখান থেকে পল্লবীর বারনটেক এলাকার একটি নির্মাণাধীন ভবনে নিয়ে তারা ঐ নারীকে সংঘবদ্ধভাবে ধর্ষণ করে বলে তিনি জানিয়েছেন," বলেন নজরুল ইসলাম। আট জনের নাম উল্লেখ এবং আটজনকে অজ্ঞাতনামা হিসেবে মামলা করেছেন ঐ নারী। তাদের মধ্যে দুইজনকে পুলিশ গ্রেফতার করেছে। ভুক্তভোগী নারীকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টারে পাঠানো হয়েছে। (বিবিসি ওয়েব পেজ: ১৮.০৩.২০২৫ রিহাব)

## হিন্দুদের ওপর আক্রমণ ধর্মীয় নয়, রাজনৈতিক - মার্কিন সিনেটরকে প্রধান উপদেষ্টা

আগস্টের পটপরিবর্তনের পর বাংলাদেশের হিন্দুদের ওপর সংঘটিত আক্রমণ ধর্মীয় নয় বরং রাজনৈতিক উদ্দেশ্য প্রণোদিত বলে যুক্তরাষ্ট্রের সিনেটর গ্যারি পিটার্সকে জানিয়েছেন অন্তবর্তী সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস। এসব ক্ষেত্রে সরকার পদক্ষেপ নিচ্ছে বলেও মন্তব্য করেন তিনি। বাংলাদেশ সফররত গ্যারি পিটার্স মঙ্গলবার রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টার সাথে সাক্ষাৎ করেন। প্রধান উপদেষ্টার প্রেস উইং থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, সাক্ষাৎকালে গ্যারি পিটার্স তার নির্বাচনি এলাকা মিশিগানে বাংলাদেশি বংশোদ্ভূতদের মধ্যে বাংলাদেশে সংখ্যালঘু নির্যাতন নিয়ে উদ্বেগের কথা তুলে ধরেন। সেখানে বাংলাদেশে সংখ্যালঘু নির্যাতনের অনেক ভুল তথ্য ছড়ানোর কথাও উল্লেখ করেন তিনি। এর পরিপ্রেক্ষিতে নিজের বক্তব্য তুলে ধরেন অধ্যাপক ইউনূস। তাদের আলাপে বাংলাদেশের নির্বাচন এবং সংস্কার প্রসঙ্গও উঠে আসে। ড. ইউনূস বলেছেন, রাজনৈতিক দলগুলো যদি ছোট আকারের সংস্কার চায়, তাহলে ডিসেম্বর নাগাদ নির্বাচন হবে। তবে তারা যদি অন্তবর্তী সরকারের কাছে বড় সংস্কার চায়, তাহলে আরো কয়েকমাস পরে নির্বাচন অনুষ্ঠিত হবে। যেসব সংস্কার কমিশন গঠন করা হয়েছে, তাদের সংস্কার প্রস্তাবের বিষয়ে রাজনৈতিক দলগুলো একমত হলেই জুলাই চার্টারে সবাই স্বাক্ষর করবেন বলেও প্রধান উপদেষ্টা জানিয়েছেন। কীভাবে যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের সম্পর্ক আরো গভীর করে তোলা যায়, সেই বিষয়েও আলোচনা করেছেন সিনেটর গ্যারি পিটার্স ও ড. ইউনূস। (বিবিসি ওয়েব পেজ:১৮.০৩.২০২৫ রিহাব)

## বৃহস্পতিবার থেকে দলগুলোর সঙ্গে বসবে ঐকমত্য কমিশন

বাংলাদেশে সংস্কার সংক্রান্ত বিষয়ে ঐকমত্যের জন্য গঠিত জাতীয় ঐকমত্য কমিশন রাজনৈতিক দলগুলোর সঙ্গে আলোচনায় বসতে যাচ্ছে। আগামী বৃহস্পতিবার থেকে এ আলোচনা শুরু হবে বলে কমিশনের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে। প্রথম পর্যায়ে বৃহস্পতিবার বিকেল তিনটায় লিবারেল ডেমোক্রেটিক পার্টি - এলডিপি'র সঙ্গে সময়সূচি নির্ধারণ করা হয়েছে বলে জানানো হয়েছে বিজ্ঞপ্তিতে। এতে আরো বলা হয়, "পর্যায়ক্রমে অন্যান্য দলের সঙ্গেও আলোচনার সময়সূচি ঘোষণা করা হবে।" সংস্কার প্রতিবেদনের সুপারিশের ওপর ৩৮টি দলের কাছে মতামত চেয়ে পাঠানো হলেও এ পর্যন্ত **১৫**টি দল তাদের মতামত দিয়েছে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়েছে। গত **১৫** ফেব্রুয়ারি যাত্রা শুরু করে জাতীয় ঐকমত্য কমিশন। কমিশনের সাথে বৈঠকে সংস্কার বিষয়ে নিজেদের অবস্থান তুলে ধরার কথা বিবিসি বাংলাকে জানিয়েছে বিভিন্ন রাজনৈতিক দল। (বিবিসি ওয়েব পেজ:১৮.০৩.২০২৫ রিহাব)

## রোহিঙ্গা সশস্ত্র গোষ্ঠী 'আরসা'র প্রধান আতাউল্লাহ নারায়ণগঞ্জে গ্রেফতার

মিয়ানমারের সশস্ত্র গোষ্ঠী আরাকান রোহিঙ্গা স্যালভেশন আর্মি - আরসার প্রধান আতাউল্লাহকে বাংলাদেশের নারায়ণগঞ্জ থেকে গ্রেফতার করা হয়েছে। বিবিসি বাংলাকে এ তথ্য নিশ্চিত করেছেন নারায়ণগঞ্জের পুলিশ সুপার প্রত্যুষ কুমার মজুমদার। র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ান, র‍্যাব কয়েকজন সহযোগীসহ আতাউল্লাহকে আটক করে বলে জানান মি. মজুমদার। মঙ্গলবার একটি মামলায় তাদের নারায়ণগঞ্জ আদালতে তুলে রিমান্ড আবেদন করে পুলিশ। আদালত

তাদের দশ দিনের রিমান্ড মঞ্জুর করেছে বলে জানিয়েছেন পুলিশ সুপার। আরাকান রোহিঙ্গা স্যালভেশন আর্মি স্থানীয়ভাবে 'হারাকাহ আল ইয়াকিন' নামে পরিচিত ছিল। আতাউল্লাহ 'আবু আমর জুনুনি' নামেও পরিচিত। আতাউল্লাহর বাবা রাখাইন থেকে পাকিস্তানের করাচিতে চলে যান। সেখানেই আতাউল্লাহর জন্ম। তিনি বেড়ে উঠেছেন মক্কায়। সেখানে মাদ্রাসায় পড়াশোনা করেছেন। আরাকানে যারা আরসার সঙ্গে যুক্ত, তাদের আধুনিক গেরিলা যুদ্ধের প্রশিক্ষণ আছে বলে মনে করা হয়। স্থানীয় রোহিঙ্গাদের মধ্যে এই সংগঠনটির প্রতি সমর্থন এবং সহানুভূতি আছে। (বিবিসি ওয়েব পেজ:১৮.০৩.২০২৫ রিহাব)

## ছাত্র উপদেষ্টাসহ সরকারি সকল দপ্তর থেকে ছাত্র প্রতিনিধিদের পদত্যাগের দাবি গণঅধিকার পরিষদের

সাবেক তথ্য উপদেষ্টা নাহিদ ইসলামের মত অন্তর্বর্তী সরকার থেকে বাকি দুই 'ছাত্র উপদেষ্টারও' পদত্যাগের দাবি জানিয়েছে গণঅধিকার পরিষদ। সেই সাথে, "সরকারের নিরপেক্ষতা নিশ্চিতে সরকারের সকল সেক্টর ও দপ্তর থেকে ছাত্র প্রতিনিধিদের পদত্যাগ করা অতীব জরুরী" বলেও মনে করে তারা। মঙ্গলবার এক সংবাদ সম্মেলনে গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক মো. রাশেদ খান এসব দাবি তুলে ধরেন। তিনি বলেন, "যেহেতু অন্তর্বর্তীকালীন সরকারের তিনজন ছাত্র উপদেষ্টা ছিলো, তাদের একজন পদত্যাগ করে একটি দলের প্রধান হয়েছে, সেক্ষেত্রে বাকিরাও সরকারে থাকার নৈতিকতা হারিয়েছে। আমরা মনে করি, রাষ্ট্র সংস্কার করতে হলে সবার আগে উপদেষ্টা পরিষদের পুনর্গঠন করতে হবে," আরও বলেন মি. খান। 'বাংলাদেশ পরিস্থিতি ও ধর্মীয় সংখ্যালঘু নির্যাতন নিয়ে যুক্তরাষ্ট্র উদ্বিগ্ন', দেশটির গোয়েন্দা প্রধান তুলসী গ্যাবার্ডের এমন বক্তব্যের নিন্দাও জানায় গণঅধিকার পরিষদ।
(বিবিসি ওয়েব পেজ: ১৮.০৩.২০২৫ রিহাব)

## শেখ হাসিনা ও তার পরিবারের প্রায় ৩৯৪ কোটি টাকা অবরুদ্ধের আদেশ

বাংলাদেশের ক্ষমতাচ্যুত প্রধানমন্ত্রী শেখ হাসিনা, তার পরিবারের কয়েকজন সদস্য ও তাদের স্বার্থ সংশ্লিষ্ট ৩১টি ব্যাংক অ্যাকাউন্ট অবরুদ্ধের আদেশ দিয়েছে আদালত। এসব অ্যাকাউন্টে ৩৯৪ কোটি ৬০ লাখ ৭২ হাজার ৮০৫ টাকা রয়েছে। মঙ্গলবার দুর্নীতি দমন কমিশন, দুদকের মহাপরিচালক আখতার হোসেন সাংবাদিকদের এসব তথ্য জানিয়েছেন। অভিযুক্তরা যাতে অনুসন্ধান শেষ না হওয়া পর্যন্ত 'তাদের অস্থাবর সম্পদ/সম্পত্তির মালিকানা পরিবর্তন/স্থানান্তর বা অন্য কোনো প্রক্রিয়ায় হস্তান্তর করতে না পারেন' সেজন্য দুদকের আবেদনের পরিপ্রেক্ষিতে ঢাকার মেট্রোপলিটন সিনিয়র স্পেশাল জজ আদালত এ আদেশ দেয়। মি. হোসেন জানান, শেখ হাসিনা ছাড়াও তার পুত্র সজীব ওয়াজেদ জয়, কন্যা সায়মা ওয়াজেদ, বোন শেখ রেহানা এবং তাদের স্বার্থ সংশ্লিষ্ট অ্যাকাউন্টগুলো এখন থেকে অবরুদ্ধ অবস্থায় থাকবে। অনুসন্ধান এবং তদন্ত শেষে পরবর্তীতে আদালত থেকে এ বিষয়ে সিদ্ধান্ত প্রদান করা হবে বলেও জানান তিনি। (বিবিসি ওয়েব পেজ:১৮.০৩.২০২৫ রিহাব)

## নতুন রাজনৈতিক দলের নিবন্ধন বিষয়ে ইসির গণবিজ্ঞপ্তি হাইকোর্টে স্থগিত

নতুন রাজনৈতিক দলের নিবন্ধনের জন্য নির্বাচন কমিশনের (ইসি) জারি করা গণবিজ্ঞপ্তি স্থগিত করেছে হাইকোর্ট। একইসাথে, এই গণবিজ্ঞপ্তি কেন অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুলও জারি করেছে। আজ মঙ্গলবার হাইকোর্টের একটি বেঞ্চ এই আদেশ দেয়। সেই সাথে, বিবাদীদের আগামী চার সপ্তাহের মাঝে এই রুলের জবাব দিতে বলা হয়েছে। গতকাল ১৭ই মার্চ রাষ্ট্র সংস্কার আন্দোলনের প্রধান সমন্বয়ক ও সুপ্রিম কোর্টের আইনজীবী হাসনাত কাইয়ুম হাইকোর্টের সংশ্লিষ্ট শাখায় এ সংক্রান্ত রিট দায়ের করেন। রিটে প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশনের সচিব, নির্বাচন ব্যবস্থা সংস্কার কমিশনকে বিবাদী করা হয়। (বিবিসি ওয়েব পেজ: ১৮.০৩.২০২৫ রিহাব)

## গুম কমিশনের মেয়াদ তিন মাস বাড়লো

ক্ষমতাচ্যুত আওয়ামী লীগ সরকারের আমলে আইন-শৃঙ্খলা বাহিনীর হাতে গুমের ঘটনা তদন্তে গঠিত গুম কমিশনের মেয়াদ আরও তিন মাস বাড়ানো হয়েছে। গতকাল সোমবার মন্ত্রিপরিষদ বিভাগ একটি প্রজ্ঞাপন জারি করে জানায়, আগামী ৩০ জুন পর্যন্ত কমিশনের মেয়াদ বাড়ানো হলো। এতে বলা হয়, এই প্রজ্ঞাপন গত ১৫ই মার্চ থেকে কার্যকর হবে বলে গণ্য হবে। পূর্বের সময়সীমা অনযায়ী, গত ১৫ই মার্চ গুম কমিশনের মেয়াদ শেষ হওয়া এবং এই তারিখের মাঝেই প্রতিবেদন জমা দেওয়ার কথা ছিল। এ নিয়ে কয়েক ধাপে গুম কমিশনের মেয়াদ বাড়ানো হলো। গত ২৭শে অগাস্ট অবসরপ্রাপ্ত বিচারপতি মইনুল ইসলাম চৌধুরীকে প্রধান করে পাঁচ সদস্যের গুম সংক্রান্ত তদন্ত কমিশন গঠন করা হয়। (বিবিসি ওয়েব পেজ: ১৮.০৩.২০২৫ রিহাব)

## জাহাঙ্গীরনগরে ৯ জন শিক্ষক বরখাস্ত, বহিষ্কার ২৮৯ জন শিক্ষার্থী

জুলাই-আগস্টে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় মদদ দেওয়ার অভিযোগে নয় জন শিক্ষককে চাকরি থেকে সাময়িক বরখাস্ত করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। সাময়িক বহিষ্কার করা হয়েছে ছাত্রলীগের ২৮৯ জন নেতাকর্মীকেও। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক এ কে এম রাশিদুল আলম আজ মঙ্গলবার বিবিসি বাংলাকে এ তথ্য নিশ্চিত করেন। তিনি জানান গতকাল সোমবার রাতে বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত হয়। সভা শেষ রাত তিনটায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ কামরুল আহসান সাংবাদিকদের এসব তথ্য জানান। এর আগে ঐদিন বেলা ১১টায় বিশ্ববিদ্যালয়ের

নতুন প্রশাসনিক ভবনে সিন্ডিকেট সভা শুরু হয়। উপাচার্য সাংবাদিকদের বলেন, "বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন চলাকালে জাবি শিক্ষার্থীদের ওপর হামলার ঘটনায় ২৮৯ জন ছাত্রলীগ নেতাকর্মীকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। এছাড়া, একটি অধিকতর তদন্ত কমিটি গঠন করা হয়েছে। ওই ছাত্রলীগ নেতাকর্মীদের মধ্যে যাদের ছাত্রত্ব শেষ তাদের সনদ স্থগিত করা হবে, যারা পরীক্ষা ও ভাইভা দিয়েছে তাদের ফলাফল স্থগিত করা হবে এবং নিয়মিত শিক্ষার্থীদের সাময়িক বহিষ্কার করা হবে।" আন্দোলন চলাকালে বিশ্ববিদ্যালয়ে "ছাত্রলীগ ও পুলিশি হামলায় সংশ্লিষ্টতার অভিযোগে" নয় জন শিক্ষককে সাময়িক বরখাস্ত করার কথা জানিয়ে তিনি বলেন, "প্রাথমিক তদন্তে আরও কয়েকজন শিক্ষকের বিরুদ্ধে হামলায় জড়িত থাকার অভিযোগ পাওয়া গেছে। তাদের বিষয়ে বিস্তারিত তথ্য-প্রমাণ সংগ্রহ করতে স্ট্রাকচার্ড কমিটি গঠন করা হয়েছে।" সাময়িক বরখাস্ত হওয়া শিক্ষকরা হলেন— সাবেক উপ-উপাচার্য (শিক্ষা) মোহাম্মদ মোস্তফা ফিরোজ, সাবেক প্রক্টর অধ্যাপক আলমগীর কবির, সরকার ও রাজনীতি বিভাগের সহযোগী অধ্যাপক আ স ম ফিরোজ-উল-হাসান, সমাজবিজ্ঞান অনুষদের সাবেক ডিন অধ্যাপক বশির আহমেদ, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের সাবেক প্রভোস্ট অধ্যাপক ইস্রাফিল আহমেদ, ভূগোল ও পরিবেশ বিভাগের সহযোগী অধ্যাপক মেহেদী ইকবাল, ইতিহাস বিভাগের অধ্যপক হোসনে আরা, রবীন্দ্রনাথ ঠাকুর হলের সাবেক প্রভোস্ট নাজমুল হাসান তালুকদার এবং পাবলিক হেলথ অ্যান্ড ইনফরমেটিকস বিভাগের অধ্যাপক মোহাম্মদ তাজউদ্দীন সিকদার। (বিবিসি ওয়েব পেজ: ১৮.০৩.২০২৫ রিহাব)

## রেডিও তেহরান

### বাংলাদেশী নাগরিকদের জন্য ওমরাহ ভিসা বন্ধ করেনি সৌদি আরব : ধর্ম উপদেষ্টা

ধর্ম উপদেষ্টা আ ফ ম খালিদ হোসেন জানিয়েছেন, বাংলাদেশি নাগরিকদের জন্য ওমরাহ ভিসা বন্ধ করেনি সৌদি হজ ও ওমরাহ মন্ত্রণালয়। ঢাকায় নিযুক্ত সৌদি রাষ্ট্রদূত এ বিষয়টি ধর্ম সচিবকে নিশ্চিত করেছেন। রাষ্ট্রদূত বাংলাদেশের এজেন্সিগুলোকে বিমান টিকিট ও হোটেল বুকিংয়ের ডকুমেন্টও সৌদি ওমরাহ কোম্পানি বা এজেন্টের মাধ্যমে সে দেশের হজ ও ওমরাহ মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করার পরামর্শ দিয়েছেন। মঙ্গলবার দুপুরে সচিবালয় ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে প্রেস ব্রিফিং এ উপদেষ্টা এসব তথ্য জানান।

(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৮.০৩.২০২৫, এলিনা)

### বাংলাদেশ পরিস্থিতি নিয়ে গভীরভাবে উদ্বিগ্ন যুক্তরাষ্ট্র : তুলসী গ্যাবার্ড

বাংলাদেশ পরিস্থিতি নিয়ে গভীরভাবে উদ্বিগ্ন যুক্তরাষ্ট্র। ভারতের এনডিটিভি ওয়ার্ল্ডকে দেয়া এক সাক্ষাৎকারে এ কথা বলেছেন যুক্তরাষ্ট্রের গোয়েন্দা বিষয়ক প্রধান তুলসী গ্যাবার্ড। তার কাছে প্রশ্ন রাখা হয়, ভারতের ঘনিষ্ঠ প্রতিবেশী বাংলাদেশ এবং এই উপমহাদেশে রাজনৈতিক ক্ষেত্রে ব্যাপক পরিবর্তন হয়েছে। দেখা দিয়েছে সহিংসতা। সংখ্যালঘুদের উপর হামলারও অনেক রিপোর্ট পাওয়া গেছে। এসব স্থানের পরিস্থিতি নিয়ে যুক্তরাষ্ট্র কি উদ্বিগ্ন? শুধু রাজনৈতিক নয়, সব ক্ষেত্রে স্থিতিশীলতার প্রয়োজন কিনা? জবাবে তুলসী গ্যাবার্ড বলেন, অবশ্যই। দীর্ঘদিন ধরে হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান এবং অন্য ধর্মীয় সংখ্যালঘুদের বিরুদ্ধে নিষ্পেষণ, হত্যাকাণ্ড ও নির্যাতন অব্যাহত আছে। যুক্তরাষ্ট্র সরকার, প্রেসিডেন্ট ট্রাম্প ও তার প্রশাসনের কাছে উদ্বেগের কেন্দ্রে আছে এ বিষয়টি। তুলসী গ্যাবার্ড আরো বলেন, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অধীনে নতুন মন্ত্রিপরিষদ বাংলাদেশের অন্তবর্তী সরকারের সঙ্গে আলোচনা শুরু করেছে। তুলসী গ্যাবার্ড এ সময় ইসলামী খিলাফতের আন্দোলন আদর্শ সম্পর্কেও মন্তব্য করেন। তুলসী গ্যাবার্ড এর মন্তব্যকে গুরুতর বলেছেন পররাষ্ট্র উপদেষ্টা মোহাম্মদ তৌহিদ হোসেন। মঙ্গলবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের তিনি এ কথা বলেন।(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ১৮.০৩.২০২৫, এলিনা)

## এনএইচকে

### পুতিনের সাথে আলোচনার বিষয়ে ট্রাম্পের অবস্থান ব্যাখ্যা করলেন জাপানি প্রতিরক্ষা বিশেষজ্ঞ

সোমবার একজন জাপানি প্রতিরক্ষা বিশেষজ্ঞ এনএইচকের সাথে ইউক্রেনের পরিস্থিতি নিয়ে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবং রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের মধ্যে পরিকল্পিত ফোনালাপ সম্পর্কে কথা বলেছেন। ট্রাম্প বলেছেন তিনি মঙ্গলবার পুতিনের সাথে কথা বলবেন। পুতিনের সাথে ভূখণ্ড, বিদ্যুৎকেন্দ্র এবং কিছু সুনির্দিষ্ট সম্পদ নিয়ে আলোচনা করার পরিকল্পনার কথা বলার সময় ট্রাম্প সম্ভবত কী বোঝাতে চেয়েছেন, সে সম্পর্কে কথা বলেছেন প্রতিরক্ষা মন্ত্রণালয়ের জাতীয় প্রতিরক্ষা গবেষণা ইনস্টিটিউটের হিয়োদো শিনজি। হিয়োদো বলেন, "রাশিয়া কেবল বর্তমানে যে এলাকাগুলো দখল করে আছে সেগুলোই নয়, বরং তারা একতরফাভাবে তাদের ভূখণ্ড বলে দাবি করা চারটি অঞ্চলের সমস্ত সীমান্ত থেকেও ইউক্রেনের সেনা প্রত্যাহারের দাবি জানাচ্ছে। এইসব অঞ্চলের ভাগ্য আলোচনার একটি প্রধান কেন্দ্রবিন্দু হওয়ার সম্ভাবনা খুব বেশি।" বিদ্যুৎ কেন্দ্র প্রসঙ্গে হিয়োদো বলেন, ট্রাম্প সম্ভবত জাপোরিঝিয়া পরমাণু বিদ্যুৎ কেন্দ্রের কথা উল্লেখ করছিলেন, যা এখন রাশিয়ার নিয়ন্ত্রণে। তিনি বলেন, কোন দেশ এই বিদ্যুৎ কেন্দ্রটি পরিচালনা করবে, তা নিয়ে ট্রাম্প সম্ভবত পুতিনের সাথে আলোচনা করবেন। পুতিন বলেছেন, যুদ্ধবিরতি নিয়ে এমনভাবে আলোচনা হওয়া উচিত যাতে সংকটের মূল শিকড় উপড়ে ফেলা যায়। সোমবার, রাশিয়ার উপপররাষ্ট্রমন্ত্রী আলেকজান্ডার গ্রুশকো একটি স্থানীয় সংবাদপত্রকে জানান, রাশিয়া দাবি করছে যে ভবিষ্যতের যুদ্ধবিরতিতে দৃঢ়

নিরাপত্তার নিশ্চয়তা অন্তর্ভুক্ত থাকা উচিত। তিনি বলেন যে এগুলোর মধ্যে ইউক্রেনের নিরপেক্ষতার পাশাপাশি একটি বোঝাপড়াও অন্তর্ভুক্ত থাকা উচিত যে ইউক্রেন ন্যাটোতে যোগ দেবে না। হিয়োদো উল্লেখ করেন যে ইউক্রেনের সাথে যুদ্ধবিরতিতে পৌঁছানোর জন্য রাশিয়ার কোনও তাড়া নেই। তার ভাষ্যমতে, পুতিন যতটা সম্ভব শান্তি আলোচনা দীর্ঘায়িত করার চেষ্টা করতে পারেন। (এনএইচকে ওয়েব পেজ : ১৮.০৩.২০২৫ আলী আহমেদ)

## ডয়চে ভেলে

### মিয়ানমার নিয়ে জাতিসংঘ দূতের হুঁশিয়ারি

মার্কিন মানবিক সহায়তা হ্রাসের সম্ভাব্য পরিণতি নিয়ে সুইজারল্যান্ডে এক সংবাদ সম্মেলনে কথা বলেছেন মিয়ানমারের মানবাধিকার পরিস্থিতি বিষয়ক জাতিসংঘের বিশেষ দূত টম অ্যান্ড্রুজ। সোমবার জেনেভায় এই সংবাদ সম্মেলনে তিনি আশঙ্কা প্রকাশ করেন, মার্কিন সহায়তা কমলে মিয়ানমারের জনগণের উপর তার ভয়াবহ প্রভাব পড়বে এবং এর ফলে সহিংসতা আরো বাড়তে পারে। অ্যান্ড্রুজ বলেন, খাদ্য ও স্বাস্থ্য কর্মসূচিতে হঠাৎ করে কাটছাঁট এরইমধ্যে গুরুতর মানবিক পরিস্থিতিকে আরো খারাপ করে তুলেছে। ২০২১ সালে ক্ষমতা দখলকারী সামরিক জান্তার বিমান হামলা এবং সহিংসতাও আরো বৃদ্ধি পেয়েছে। জাতিসংঘ-সমর্থিত মানবাধিকার কাউন্সিল কর্তৃক মিয়ানমারের বিষয়ে দায়িত্বপ্রাপ্ত পর্যবেক্ষক জানিয়েছেন, তিনি কমিশনের ৪৭টি সদস্য রাষ্ট্রের কাছে উদ্ভূত বিপর্যয়কে একটি মানবিক সংকট হিসাবে ঘোষণা জারির আবেদন জানাবেন। রাষ্ট্রগুলো যাতে নিজেদেন প্রতিশ্রুতি কার্যকরভাবে অনুসরণ করে সেজন্যও অনুরোধ করবেন তিনি। বুধবার জাতিসংঘের মানবাধিকার কাউন্সিলে এই ইস্যুতে ভাষণ দিবেন অ্যান্ড্রুজ। এর আগে সোমবার সাংবাদিকদের তিনি বলেন, "অত্যাবশ্যক, জীবনরক্ষাকারী কর্মসূচির তহবিল সংগ্রহের জন্য পদক্ষেপ (নেয়া প্রয়োজন)। মানবাধিকার কাউন্সিল যদি (পদক্ষেপ) না নেয়, তাহলে কে নেবে?" ২০ জানুয়ারি ক্ষমতা গ্রহণের পর মার্কিন প্রেসিডেন্ট ডনাল্ড ট্রাম্প ৯০ দিনের জন্য সকল বিদেশি সহায়তা স্থগিত করার নির্দেশ দেন। এই সময়ের মধ্যে এসব সহায়তা কর্মসূচি ট্রাম্পের 'অ্যামেরিকা ফার্স্ট পররাষ্ট্র নীতির সঙ্গে সঙ্গতিপূর্ণ কিনা' তা পর্যালোচনা করা হবে। অ্যান্ড্রুজ সতর্ক করে দিয়েছেন, সম্প্রতি বিশ্ব খাদ্য কর্মসূচিতে মার্কিন সহায়তা হ্রাসের ঘোষণার ফলে মিয়ানমারের পশ্চিমে রাখাইন রাজ্যে দুর্ভিক্ষ আসন্ন। মিয়ানমারের মানুষের চিকিৎসা সেবাও ক্ষতিগ্রস্ত হয়েছে। মূলত, মার্কিন অর্থায়নে পরিচালিত স্বাস্থ্য কর্মসূচি ব্যাহত হওয়ায় কিছু এইচআইভি রোগী গত সাত সপ্তাহ ধরে ওষুধ পাচ্ছেন না বলে জানিয়েছেন অ্যান্ড্রুজ। জাতিসংঘের নতুন প্রকাশিত এক প্রতিবেদনের তথ্য তুলে ধরে তিনি বলেছেন, "এটি একটি বিপর্যয় যা ঘটছে - এটি অপ্রয়োজনীয় এবং এটি নিষ্ঠুর।" অ্যান্ড্রুজের আশঙ্কা, পরিস্থিতি আরো অস্থিতিশীল হলে মিয়ানমারে যৌন হয়রানি, মানব পাচার এবং সীমান্ত অতিক্রম করে প্রতিবেশী বাংলাদেশ বা তার বাইরেও মানুষের ঢল বাড়তে পারে। ট্রাম্প প্রশাসন এবং তার অনেক সমর্থক যুক্তি দেখিয়েছেন যে বিশ্বের একক বৃহত্তম মানবিক সহায়তা প্রদানকারী মার্কিন যুক্তরাষ্ট্র দীর্ঘদিন ধরে অতিরিক্ত বোঝা বহন করে আসছে। তবে এর ফলে যে পরিস্থিতি তৈরি হতে পারে, তা আশঙ্কাজনক উল্লেখ করে জাতিসংঘের বিশেষ দূত বলেন, "আমাদের এই বিষয়ে একটি অবস্থান নেওয়া দরকার।"(ডয়চে ভেলে ওয়েব পেজ : ১৮.০৩.২০২৫ এলিনা)

### রোহিঙ্গা শিবিরে গত বছর সশস্ত্র গোষ্ঠীর সংঘাতে নিহত ৬৫

বাংলাদেশে অবস্থিত রোহিঙ্গা শরণার্থী শিবিরে প্রতিদ্বন্দ্বী বিভিন্ন সশস্ত্র গোষ্ঠীর মধ্যে সংঘর্ষে গত বছর অন্তত ৬৫ জন নিহত হয়েছেন বলে জানিয়েছে মানবাধিকার সংস্থা ফরটিফাই রাইটস। মিয়ানমারে সামরিক নির্যাতনের শিকার হয়ে ২০১৭ সালে ১০ লাখেরও বেশি রোহিঙ্গা বাংলাদেশে পালিয়ে আসেন। বর্তমানে বিভিন্ন শিবিরে বারো লাখের মতো শরণার্থী অবস্থান করছেন বলে বাংলাদেশের কর্তৃপক্ষ জানিয়েছে। রোহিঙ্গা শিবিরগুলোতে দীর্ঘদিন ধরে আধিপত্য বিস্তারের লড়াই চালিয়ে যাচ্ছে আরাকান রোহিঙ্গা স্যালভেশন আর্মি (আরসা), রোহিঙ্গা সলিডারিটি অর্গ্যানাইজেশন (আরএসও) এবং বিভিন্ন সশস্ত্র গোষ্ঠী। মানবাধিকার সংস্থাটি জানিয়েছে, ২০২৩ সালে এই গোষ্ঠীগুলোর সৃষ্ট সহিংসতায় ৯০ জন নিহত হন। ২০২৪ সালে অবশ্য এরকম সংঘাতে নিহতের সংখ্যা কমে ৬৫-তে নেমে এসেছে। এছাড়া, অপহরণ, চাঁদাবাজি ও হামলার বেশ কিছু ঘটনা নথিভুক্ত করেছে সংস্থাটি। ফরটিফাই রাইটসের পরিচালক জন কুইনলি মঙ্গলবার ঢাকায় এক সংবাদ সম্মেলনে বলেন, ‘‘রোহিঙ্গা সশস্ত্র গোষ্ঠীগুলো বাংলাদেশ ও মিয়ানমারে প্রায় সম্পূর্ণ দায়মুক্তভাবে তাণ্ডব চালাচ্ছে। শুধু তাদের সদস্যরাই নয়, সাধারণ শরণার্থীরাও এর ভুক্তভোগী হচ্ছেন।" সংস্থাটি বাংলাদেশ সরকারকে শরণার্থী শিবিরে চলমান সহিংসতার যথাযথ তদন্ত এবং দোষীদের বিচারের আওতায় আনার আহ্বান জানিয়েছে। পাশাপাশি তারা মনে করছেন, কিছু ঘটনা যুদ্ধাপরাধের পর্যায়ে পড়তে পারে, যা আন্তর্জাতিক আদালতে বিচারযোগ্য। জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস সম্প্রতি কক্সবাজারের শরণার্থী শিবির পরিদর্শন করেছেন এবং রোহিঙ্গাদের সহায়তা অব্যাহত রাখার সর্বাত্মক প্রচেষ্টা চালানোর প্রতিশ্রুতি দিয়েছেন।

(ডয়চে ভেলে ওয়েব পেজ : ১৮.০৩.২০২৫ এলিনা)

### তুলসি গ্যাবার্ডের মন্তব্যের প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ

‘সংখ্যালঘুদের ওপর নির্যাতন' এবং ‘উগ্রবাদ' নিয়ে তুলসি গ্যাবার্ডের মন্তব্যের প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশ। তবে বিশ্লেষকরা মনে করেন, যখন নিষিদ্ধ সংগঠন মিছিল করে, মাজারে দেয়া হয় আগুন- তখন প্রতিবাদই যথেষ্ট নয়।

আইনের শাসন প্রতিষ্ঠা করে যেকোনো ধরনের নির্যাতন-নিপীড়ন ও উগ্রবাদের বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নেয়াও প্রয়োজন বলে মনে করেন তারা। শুধু বিবৃতি দিয়ে প্রতিবাদ না জানিয়ে কূটনৈতিক দক্ষতার সাথে প্রকৃত পরিস্থিতি তুলে ধরার ওপরও জোর দিয়েছেন তারা। বুধবার ভারতীয় সংবাদ মাধ্যম এনডিটিভিকে দেয়া সাক্ষাৎকারে যুক্তরাষ্ট্রের গোয়েন্দা প্রধান এক প্রশ্নের জবাবে বলেন, "হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান, ক্যাথলিক ও অন্যান্য ধর্মীয় সংখ্যালঘুদের ওপর দীর্ঘদিন ধরে চলমান দুর্ভাগ্যজনক নিপীড়ন, হত্যা ও অন্যান্য নির্যাতন যুক্তরাষ্ট্র সরকার, প্রেসিডেন্ট ট্রাম্প ও তার প্রশাসনের উদ্বেগের একটি প্রধান ক্ষেত্র।"

বাংলাদেশে 'ইসলামি চরমপন্থা ও সন্ত্রাসবাদী উপাদানের' উত্থান নিয়ে করা এক প্রশ্নের জবাবে তিনি বলেন, "প্রেসিডেন্ট ট্রাম্পের নতুন মন্ত্রিসভা ও বাংলাদেশ সরকারের মধ্যে আলোচনা মাত্র শুরু হচ্ছে; কিন্তু এটি উদ্বেগের মূল জায়গাগুলোর একটি।" সাক্ষাৎকারে 'ইসলামি খেলাফতের' আদর্শ এবং তার প্রতিরোধের বিষয়েও কথা বলেন তুলসী গ্যাবার্ড।তিনি বলেন, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এ ধরনের আদর্শকে শনাক্ত ও পরাজিত করা এবং তিনি যেটাকে 'ইসলামপন্থী সন্ত্রাসবাদ' বলেন, সেটিকে নির্মূল করার বিষয়ে অঙ্গীকারবদ্ধ। বাংলাদেশের অন্তবর্তীকালীন সরকারের প্রধান উপদেষ্টার দপ্তর এর প্রতিক্রিয়ায় বলেছে, "আমরা গভীর উদ্বেগ ও হতাশার সঙ্গে তুলসি গ্যাবার্ডের বক্তব্য লক্ষ করেছি, যেখানে তিনি বাংলাদেশে ধর্মীয় সংখ্যালঘুদের 'নিপীড়ন ও হত্যা' করা হচ্ছে বলে অভিযোগ করে বলেছেন, ইসলামপন্থি সন্ত্রাসীদের হুমকি এবং বিভিন্ন সন্ত্রাসী গোষ্ঠীর বৈশ্বিক তৎপরতা একই আদর্শ ও লক্ষ্য দ্বারা পরিচালিত হয়। সেই আদর্শ ও লক্ষ্য হলো, ইসলামপন্থি খিলাফতের মাধ্যমে শাসন করা। তার এই মন্তব্য বিভ্রান্তিকর এবং বাংলাদেশের ভাবমূর্তি ও সুনামের জন্য ক্ষতিকর। বাংলাদেশ ঐতিহ্যগতভাবে শান্তিপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক ইসলাম চর্চার জন্য সুপরিচিত এবং চরমপন্থা ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে অসাধারণ অগ্রগতি অর্জন করেছে।" "গ্যাবার্ডের মন্তব্য কোনো নির্দিষ্ট প্রমাণ বা অভিযোগের ওপর ভিত্তি করে করা হয়নি। তার বক্তব্যে পুরো বাংলাদেশকে অন্যায় ও অতিরঞ্জিতভাবে উপস্থাপন করা হয়েছে।" বাংলাদেশকে ভিত্তিহীনভাবে 'ইসলামিক খিলাফত'-এর সঙ্গে যুক্ত করার অর্থ হলো বাংলাদেশের জনগণ এবং আন্তর্জাতিক সহযোগীদের কঠোর পরিশ্রমকে খাটো করে দেখা; যারা শান্তি, স্থিতিশীলতা ও উন্নয়নের জন্য প্রতিশ্রুতিবদ্ধ।'ইসলামিক খিলাফত' ধারণার সঙ্গে যুক্ত করার প্রচেষ্টাকে বাংলাদেশ কঠোরভাবে প্রত্যাখ্যান করে।"

বৃহস্পতিবার অন্তবর্তীকালীন সরকারের দুই উপদেষ্টাও বিষয়টি নিয়ে কথা বলেছেন। অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ ঢাকায় সাংবাদিকদের প্রশ্নের জবাবে বলেছেন," যুক্তরাষ্ট্রের গোয়েন্দা প্রধান তুলসি গ্যাবার্ডের মন্তব্যে আমাদের অর্থনীতিতে বহুপাক্ষিক বা দ্বিপাক্ষিক সম্পর্কে প্রভাব পড়বে না। বাহিরের সবাই কি সবকিছু জেনে-শুনে লেখেন? তারা মনের মাধুরী মিশিয়ে অনেক কিছু লেখেন।" একই বিষয়ে পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন বলেন, " প্রধান উপদেষ্টার কার্যালয় যে প্রতিক্রিয়া (তুলসি গ্যাবার্ডের বক্তব্যের) জানিয়েছে, পররাষ্ট্র মন্ত্রণালয়ের অবস্থান ওটাই। ওনার বক্তব্য গুরুতর।" গত ৭ মার্চ শুক্রবার আগে ঘোষণা করা কর্মসূচি অনুযায়ী ঢাকায় বায়তুল মেকাররম মসজিদ এলাকায় 'মার্চ ফর খেলাফত' করে নিষিদ্ধ সংগঠন হিযবুত তাহরীর। এক পর্যায়ে পুলিশের বাধার মুখে তা পণ্ড হয়ে যায়। গত রবিবার রাতেও বাংলাদেশের দক্ষিণের জেলা বরগুণার আমতলী উপজেলায় একটি মাজারে হামলা চালিয়ে আগুন দিয়ে পুড়িয়ে দেয়া হয়েছে। রাত ১০টার দিকে ওই হামলা চালানো হয় যথারীতি 'তৌহিদী জনতা'র ব্যানারেই করা হয় বলে ডয়চে ভেলেকে জানান মাজারের পরিচালক মোস্তাফিজুর রহমান বাবুল। তিনি অভিযোগ করেন, " ইসমাইল শাহ বাবার মাজারে গণ ইফতার শুরু হয় প্রথম রোজা থেকেই। কিন্তু তৌহিদী জনতার নামে কয়েকশ' মানুষ লাঠিসোঁটা নিয়ে এসে রাত ১০টার দিকে হামলা চালিয়ে মাজারে আগুন দেয়। এতে মাজার ও পাশের থাকার ঘর পুরোপুরি ভস্মিভূত হয়েছে। ঘটনার সময় সাত-আটজন আহত হন।"

"ঘটনার পর পুলিশ আসলেও তারা কাউকে গ্রেপ্তার বা আটক করেনি, বলেছে, আমরা মামলা করলে তারা দেখবে," বলেন তিনি। এই হামলায় নেতৃত্ব দেয়ার অভিযোগ যার বিরুদ্ধে, তিনি হলেন ইসলামী আন্দোলন বাংলাদেশ আমতলী উপজেলা শাখার সভাপতি মুফতি ওমর ফারুক জিহাদী। তবে মুফতি ওমর ফারুক জিহাদী অভিযোগ সম্পূর্ণ অস্বীকার করে বলেন, " ওই মাজারে রোজার মাসে অনৈসলামিক কাজ হচ্ছিল। আমরা সেখানে গিয়েছিলাম তা বন্ধ করতে। তারা আমাদের কথা শোনেনি। তখন স্থানীয় তৌহিদী জনতা হামলা করে ও আগুন দেয়।" আমতলী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) রফিকুল ইসলাম ডয়চে ভেলেকে বলেন," এখন পরিস্থিতি শান্ত রয়েছে। পুলিশ মোতায়েন করা হয়েছে। কোনো মামলা না হওয়ায় আমরা কাউকে আটক বা গ্রেফতার করিনি।" বিশ্ব সুফী সংস্থার কেন্দ্রীয় কমিটির সদস্য আফতাব আহমেদ জিলানী জানান গত আট মাসে প্রায় ১০০ মাজারে হামলা হয়েছে। অনেক বাউলের ওপরও হামলা হয়েছে। কিন্তু তিনি মনে করেন, পুলিশের নিষ্ক্রিয়তার কারণে হামলা থামছে না। ডয়চে ভেলেকে তিনি বলেন, " ৫ আগস্টের পর থেকে এ পর্যন্ত সারাদেশে প্রায় ১০০ মাজারে হামলা ও ভাঙচুর হয়েছে। এর বাইরে বাউলদের ওপরও হামলা হয়েছে। প্রধান উপদেষ্টার দপ্তর থেকে বার বার কঠোর ব্যবস্থা নেয়ার কথা বলা হলেও পুলিশ কোনো ব্যবস্থা নিচ্ছে না আর হামলাও থামছে না।"

গত ১৮ জানুয়ারি পুলিশের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, ৪ আগস্টের পর থেকে ৪০টি মাজারের ৪৪ বার হামলা হয়েছে। সবচেয়ে বেশি হামলার ঘটনা ঘটেছে ঢাকা বিভাগে। এ বিভাগে ১৭টি মাজারে ভাঙচুর, লুটপাট হয়েছে।

এছাড়া চট্টগ্রাম বিভাগে ১০টি ও ময়মনসিংহ বিভাগে সাতটি হামলার ঘটনা ঘটেছে। ঘামলার ঘটনায় ফৌজদারি মামলায় মোট ২৩ জনকে গ্রেপ্তার করা হয়েছে বলেও দাবি করেছে পুলিশ। তারপর ৩০ জানুয়ারি এক সংবাদ সম্মেলনে হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদ জানায়, ২০২৪ সালের ২১ আগস্ট থেকে ৩১ ডিসেম্বর সময়ের মধ্যে সারাদেশে সাম্প্রদায়িক সহিংসতায় ২৩ জন সংখ্যালঘু সম্প্রদায়ের মানুষ নিহত হয়েছেন। হামলার ঘটনা ঘটেছে মোট ১৭৪টি। তার মধ্যে ধর্ষণসহ নারী নির্যাতন ৯টি, উপপাসনালয়ে হামলা, ভাঙচুর, আগুন, লুটপাট ৬৪, কথিত ধর্ম অবমানার অভিযোগে গ্রেপ্তার, নির্যাতন ১৫, বাড়ি-ঘর, ব্যবসা প্রতিষ্ঠানে হামলা, ভাংচুর, আগুন, লুটপাট ৩৮ এবং জোরপূর্বক বাড়ি-ঘর, জমি, ব্যবসা প্রতিষ্ঠান দখলের ঘটনা ঘটেছে ২৫টি। কিন্তু ৩ জানুয়ারি প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের দপ্তরের পক্ষ থেকে এক ব্রিফিং-এ তার প্রেস উইং জানায়, ঘটনাগুলো সরকার পুলিশকে দিয়ে তদন্ত করিয়েছে। তাতে ২৩টির কোনোটির সঙ্গেই সাম্প্রদায়িক সহিংতার প্রমাণ পাননি তারা। পুলিশের দেয়া তথ্য অনুযায়ী, ২২টি ঘটনার 'প্রাথমিক কারণ' চুরি, দস্যুতা, কলহ, ধর্ষণ, মদপান, 'বিদ্রূপ' মন্তব্যের জেরে মারামারি, দুর্ঘটনা, স্থানীয় লোকজনের সংঘাত, জমিজমার বিরোধ ও আত্মহত্যা। ঐ ২২টির বেলায় সব মিলিয়ে ১১টি কারণের কথা উল্লেখ করলেও বাকি একটি মৃত্যুর কোনো কারণ পুলিশ জানতে পারেনি। তবে সেটিও যে সাম্প্রদায়িকতার কারণে ঘটেনি সে বিষয়ে পুলিশ নিশ্চিত। মানবাধিকার কর্মী নূর খান বলেন, "সরকারে যারা থাকেন, তারা চিরাচরিত নিয়মে প্রতিবাদ জানান, বক্তব্য দেন। এবারও তুলসি গ্যাবার্ডের বক্তব্যের ব্যাপারে সরকার তাই করেছে। কিন্তু বিষয়টা তো তা নয়। আমরা তো চোখের সামনে অনেক ঘটনাই দেখছি। ঢাকায় মার্চ ফর খেলাফত করেছে নিষিদ্ধ সংগঠন, যদিও পুলিশ বাধা দিয়েছে। সাত-আট মাসে বেশ কিছু ঘটনা লক্ষ্য করেছি সারাদেশে সংখ্যালঘুদের ওপরে। ঢাকার দেয়াললিখনে অনেক কিছু বোঝা যায়। তাই বিষয়গুলোকে তুড়ি মেরে উড়িয়ে না দিয়ে বিষয়গুলোকে গুরুত্ব দিয়ে বিবেচনা করার আহ্বান রাষ্ট্র পরিচালকদের প্রতি।"

নিরাপত্তা বিশ্লেষক মেজর (অব.) এমদাদুল ইসলাম ডয়চে ভেলেকে বলেন, "তুলসি গ্যাবার্ড যুক্তরাষ্ট্রের ন্যাশনাল ইন্টেলিজেন্স প্রধান। তিনি যখন কিছু বলেন, হিসাব করেই বলেন। কোনো দেশ তাকে প্রভাবিত করেছে- এটা ভাবা ঠিক না। আর তার কথার জবাব 'প্রতিবাদ' বলে শেষ করে দিলেই হয় না।" তিনি মনে করেন, " আমাদের উচিত ছিল এই ধরনের স্টেটমেন্ট আসার আগেই কূটনৈতিকভাবে চেষ্টা করা যাতে না আসে। আসার পর সেটাকে হালকাভাবে নেয়ার সুযোগ নাই। এখন তারা যা বলছে, সেগুলোকে আমাদের দিক থেকে দেখতে হবে। কম হোক, বেশি হোক ঘটনা তো কিছু ঘটেছে। হিযবুত তাহরীর মিছিল করেছে- এটা তো গোয়েন্দা ব্যর্থতা। আসলে আমাদের এখন বিষয়গুলো দায়িত্বশীলতার সঙ্গে দেখতে হবে।" সাবেক কূটনীতিক রাশেদ আহমেদ চৌধুরীও মনে করেন তুলসি গ্যাবার্ডের বক্তব্যের প্রতিবাদে বিবৃতি দিলেই হবে না। তার মতে, " আসলে আমাদের এখন দরকার একটি ফ্যাক্ট ফাইন্ডিং কমিটি করা। যুক্তরাষ্ট্রকে আহ্বান জানানো বাংলাদেশের পরিস্থিতি সরেজমিন দেখার। তারা যেহেতু অভিযোগ তুলেছে, তাই আমাদেরও উচিত স্বচ্ছতার সঙ্গে বিষয়টি হ্যান্ডেল করা। শুধু বিবৃতি দিয়ে হবে না। আমাদের এটা গুরুত্বের সাথে নিতে হবে।" "এখানে শুধু সংখ্যালঘু নয়, সংখ্যাগুরুরাও নির্যাতনের শিকার হয়েছে। মব ভায়োলেন্স হয়েছে। দরকার আইনের শাসন। এখানে আইনের শাসন খুব দুর্বল। আইনের শাসন ও ন্যায় বিচার প্রতিষ্ঠা না হলে এগুলো থামবে না। এর জন্য দরকার দ্রুত ফ্রি অ্যান্ড ফেয়ার ইলেকশন," বলেন তিনি।

(ডয়চে ভেলে ওয়েব পেজ : ১৯.০৩.২০২৫ এলিনা)

## রেডিও টুডে

### সংখ্যালঘু নির্যাতন নিয়ে যুক্তরাষ্ট্রের গোয়েন্দা প্রধানের মন্তব্য গুরুতরঃ পররাষ্ট্র সচিব

বাংলাদেশ সংখ্যালঘু নির্যাতন এবং ইসলামী খিলাফত বিষয়ে ভারতের সংবাদমাধ্যমে যুক্তরাষ্ট্রের গোয়েন্দা প্রধান তুলসী গ্যাবার্ড যে মন্তব্য করেছেন তা গুরুতর বলে উল্লেখ করেছেন পররাষ্ট্র উপদেষ্টা মো. তৌহিদ হোসেন। মঙ্গলবার পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। সোমবার নয়া দিল্লিতে এনডিটিভি ওয়ার্ল্ডকে দেওয়া এক সাক্ষাৎকারে তুলসী গ্যবার্ড বলেছেন হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান, ক্যাথলিক ও অন্যান্য ধর্মীয় সংখ্যালঘুদের উপর দীর্ঘদিন ধরে চলমান দুর্ভাগ্যজনক নিপীড়ন, হত্যা ও অন্যান্য নির্যাতন যুক্তরাষ্ট্র সরকার প্রেসিডেন্ট ট্রাম্প ও তার প্রশাসন উদ্বেগের একটি প্রধান ক্ষেত্র। সোমবার রাতে তুলসী গ্যাবার্ডের এই বক্তব্যের প্রতিবাদ জানিয়েছে অন্তবর্তী সরকার। এক বিবৃতিতে প্রধান উপদেষ্টার কার্যালয় বলেছে তুলসী গ্যাবার্ডের ঐ মন্তব্য বিভ্রান্তিকর এবং বাংলাদেশের ভাবমূর্তি ও সুনামের জন্য ক্ষতিকর। অন্তবর্তীকালীন সরকার বলেছে বাংলাদেশ ঐতিহ্যগতভাবে শান্তিপূর্ণ ও অন্তর্ভুক্তিমূলক ইসলাম চর্চার জন্য সুপরিচিত এবং চরমপন্থা ও সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াইয়ে অসাধারণ অগ্রগতি অর্জন করেছে।

(রেডিও টুডেঃ ১৮৪৫ ঘ.১৮.০৩.২০২৫ আসাদ)

### বিএনপি ও আওয়ামী লীগকে এক পাল্লায় মাপা অনেক বড় অবিচারঃ মাওলানা মামুনুল হক

বিএনপি ও আওয়ামী লীগকে এক পাল্লায় মাপা অনেক বড় অবিচার বলে মন্তব্য করেছেন হেফাজত নেতা ও বাংলাদেশ খেলাফত মজলিসের মহাসচিব মাওলানা মামুনুল হক। তিনি বলেছেন, ইসলামী রাজনৈতিক দৃষ্টিকোণ থেকে বিএনপি আবু তালেব ভূমিকায় আর আওয়ামী লীগ আগাগোড়া আবু জেহেলের ভূমিকায় রয়েছে। বাংলাদেশের জাতীয়তাবাদী

শক্তি ও ইসলামী শক্তি সহযোগিতার মাধ্যমে বাংলাদেশের স্বাধীনতাকে রক্ষা করতে হবে বলে উল্লেখ করেছেন মামুনুল হক। মঙ্গলবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি মিলনায়তনে ছাত্রদল আয়োজিত হিফজুল কোরআন ও কোরআন তেলাওয়াত প্রতিযোগিতার চূড়ান্ত পর্বের পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান বক্তা হিসেবে এসব কথা বলেন মামুনুল হক। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ.১৮.০৩.২০২৫ আসাদ)

## ভোজ্য তেল আমদানির উপর অব্যাহত শুল্ক কর রেয়াত আরো তিন মাস বাড়ানোর সুপারিশ

ভোজ্য তেলের দাম সহনীয় রাখতে আমদানি পর্যায়ের অব্যাহত শুল্ক কর রেয়াত আগামী ৩০ জুন পর্যন্ত বাড়ানোর সুপারিশ করেছে বাংলাদেশ ট্রেড এন্ড ট্যারিফ কমিশন। মঙ্গলবার এনবিআর চেয়ারম্যানকে এ সংক্রান্ত একটি চিঠি দিয়েছে সংস্থাটি। দাম সহনীয় রাখতে গত ১৫ই ডিসেম্বর সয়াবিন তেল আমদানি, উৎপাদন ও ব্যবসায়িক পর্যায়ে মূল্য সংযোজন কর বা ভ্যাট ছাড়ের মেয়াদ ৩১ মার্চ পর্যন্ত বাড়ায় সরকার। এরপর মঙ্গলবার ট্যারিফ কমিশন নতুন করে আরও তিন মাস বাড়ানোর সুপারিশ করল। (রেডিও টুডে:১৮৪৫ ঘ.১৮.০৩.২০২৫ আসাদ)

## তুলসী গ্যাবার্ডের মন্তব্যে বহুপাক্ষিক সম্পর্কে কোনো প্রভাব পড়বে না: অর্থ উপদেষ্টা

অর্থ উপদেষ্টা ড. সালেহউদ্দিন আহমেদ বলেছেন, বাংলাদেশের অর্থনীতি এখন আর খাদের কিনারার নেই, ঘুরে দাঁড়িয়েছে। মঙ্গলবার সচিবালয়ে সরকারি ক্রয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদের বৈঠক শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এ কথা বলেন। অর্থ উপদেষ্টা বলেন, বাংলাদেশের অর্থনীতি এখন আর খাদের কিনারায় নেই। আগে খাদের কিনারায় ছিল। সেখান থেকে টেনে তোলার চেষ্টা করছি। এখন ঘুরে দাঁড়িয়েছে। বাংলাদেশের দিকে অনেকেই তাকিয়ে আছে। কিছু ভুল-ত্রুটি থাকলেও অবস্থা সন্তোষজনক। অর্থনীতি নিয়ে এত হতাশ হওয়ার কোনো কারণ নেই উল্লেখ করে ড. সালেহউদ্দিন আহমেদ বলেন, মার্কিন গোয়েন্দা প্রধান তুলসী গ্যাবার্ডের মন্তব্যে বাংলাদেশের সঙ্গে যুক্তরাষ্ট্রের অর্থনৈতিক সম্পর্কের কোনো সমস্যা হবে না।২০২৬ সালে এলডিসি উত্তরণের লক্ষ্য নিয়ে এগোচ্ছে সরকার। এলডিসি উত্তরণের ক্ষেত্রে একটা স্মুথ ট্রানজিশন স্ট্র্যাটেজি নেয়া হবে। এই উত্তরণের বিষয়টি গৌরবের। এতে অনেক অনুন্নত দেশ অনুপ্রাণিত হবে। এর আগে সোমবার নয় দিল্লিতে ভারতীয় গণমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে বাংলাদেশের সংখ্যালঘু নির্যাতন নিয়ে যুক্তরাষ্ট্রের উদ্বেগ রয়েছে বলে উল্লেখ করেছিলেন মার্কিন গোয়েন্দা প্রধান তুলসী গ্যাবার্ড। বাংলাদেশের ধর্মীয় সংখ্যালঘুদের উপর নির্যাতন নিয়ে করা এক প্রশ্নের জবাবে যুক্তরাষ্ট্রের এই উদ্বেগের কথা জানান তিনি। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৮.০৩.২০২৫ আসাদ)

# জাগো এফএম

## সংখ্যালঘু নির্যাতন বিদেশিরা যেভাবে বলছেন সেই মাত্রায় নেই : ধর্ম উপদেষ্টা

কিছু বিচ্ছিন্ন ঘটনা থাকলেও বাংলাদেশে সংখ্যালঘু নির্যাতনের ঘটনা বিদেশিরা যেভাবে বলছেন সেই মাত্রায় নেই বলে জানিয়েছেন ধর্ম বিষয়ক উপদেষ্টা আ ফ ম খালিদ হোসেন। মঙ্গলবার, ১৮ই মার্চ সচিবালয়ে ওমরাহ ভিসা জটিলতা নিয়ে সংবাদ সম্মেলনে প্রশ্নের জবাবে উপদেষ্টা এ কথা বলেন। যুক্তরাষ্ট্রের গোয়েন্দা প্রধান তুলসী গ্যাবার্ড বলেছেন, 'বাংলাদেশ সংখ্যালঘু নির্যাতন নিয়ে তারা উদ্বিগ্ন- এ বিষয়ে উপদেষ্টা বলেন, এটা আমাদের সরকারের নলেজে এসেছে। আমরা তো এটা বারবার অস্বীকার করে আসছি যে আমাদের এখানে পারসিকিউশন অব মাইনোরিটিস বিদেশিরা যেভাবে বলছেন সেই মাত্রায় নেই, কিছু বিচ্ছিন্ন ঘটনা তো আছেই। তারপরও আমরা অত্যন্ত সজাগ রয়েছি। কিছু কিছু মাজারেও হামলার ঘটনা ঘটছে, ভাঙচুর হচ্ছে। আমরা অত্যন্ত সিরিয়াস এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীরও দৃষ্টি আকর্ষণ করছি।' তিনি বলেন, 'আমরা যদি সিসি ক্যামেরার মাধ্যমে অপরাধী শনাক্ত করতে পারি, তাহলে তাদের আইনের আওতায় এনে বিচার করবো।' খালিদ হোসেন আরো বলেন, 'আমাদের কাছে পরিসংখ্যানও আছে যে আমরা কতজনকে ধরেছি। আমরা মন্ত্রণালয়ের পক্ষ থেকে একটা আনুষ্ঠানিক ব্রিফিং দিয়ে সেটা জানিয়ে দেবো। আমরা অত্যন্ত সচেতন আছি।' এক প্রশ্নের জবাবে ধর্ম উপদেষ্টা বলেন, 'নিষিদ্ধ ঘোষিত কোনো সংগঠন যাতে তৎপরতা চালাতে না পারে এ বিষয়ে সরকার সজাগ।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৫ প্রতীক)

## যমুনা রেলসেতু: উদ্বোধন হলেও থেকে গেলো পথের কাঁটা

দীর্ঘ প্রতীক্ষার পর খুলে দেয়া হলো যমুনা রেলসেতু। মঙ্গলবার, ১৮ই মার্চ দুপুর পৌনে ১২টায় সেতুর পূর্ব ইব্রাহিমাবাদ স্টেশন এলাকায় পায়রা ও বেলুন উড়িয়ে সেতুটির উদ্বোধন করা হয়। এতে রেলপথের সম্ভাবনাময় অগ্রযাত্রার এক নতুন দ্বার উন্মোচন হলো। তবে উত্তরের মানুষের পথের কাঁটা হয়ে থাকলো ১১৪ কিলোমিটার সিঙ্গেল রেললাইন। এছাড়া ১৯ মার্চ থেকে সেতুটি ব্যবহারকারী প্রতিটি ট্রেনের যাত্রীকে গুণতে হবে বাড়তি ভাড়া। রেলওয়ের মহাপরিচালক এম আফজাল হোসেনের সভাপতিত্বে আনুষ্ঠানিক উদ্বোধনী অনুষ্ঠানে মন্ত্রণালয়ের সচিব এম ফাহিমুল ইসলাম প্রধান অতিথি হিসেবে উদ্বোধন ঘোষণা করেন। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকায় নিযুক্ত জাপানি রাষ্ট্রদূত সাইদা শিনিচি ও জাপানের বৈদেশিক উন্নয়ন সংস্থা জাইকার দক্ষিণ এশিয়া বিষয়ক মহাপরিচালক ইতো তেরুয়ুকি। এই সেতু উদ্বোধনের পর তারা সেতুর পূর্ব প্রান্ত থেকে একটি বিশেষ ট্রেনে যমুনা সেতুর পশ্চিমে সিরাজগঞ্জে সায়দাবাদ স্টেশনে সংবাদ সম্মেলন করে। এর আগে উদ্বোধনী বিশেষ ট্রেনটি ঘণ্টায় ১০০ কিলোমিটার গতিতে ১২টা ১৫ মিনিটে পূর্ব প্রান্ত থেকে ছেড়ে ১২টা ১৮ মিনিট ৩০ সেকেন্ডে সেতুটি পাড়ি দেয়। এতে সেতু অতিক্রম করতে সময় লাগে মাত্র

সাড়ে তিন মিনিট। রেলওয়ে বিভাগ বলছে, রাজশাহী থেকে যমুনা রেলসেতু পর্যন্ত রেলপথের দূরত্ব ১৩৪ কিলোমিটার। এরমধ্যে নাটোরের আব্দুলপুর জংশন থেকে ঈশ্বরদী পর্যন্ত ২০ কিলোমিটার রেলপথ ডাবল লাইন। আর ঈশ্বরদী থেকে রেলসেতু পর্যন্ত ৭১ কিলোমিটার এবং রাজশাহী থেকে আব্দুলপুর পর্যন্ত ৪৩ কিলোমিটার মিলে মোট ১১৪ কিলোমিটার রেলপথ সিঙ্গেল লাইন। এই ১১৪ কিলোমিটারে ট্রেন পাসিংয়ের জন্য দাঁড়াবে। ফলে যাত্রীদের দুর্ভোগ ঠিকই হবে। যদিও জয়দেবপুর থেকে ঈশ্বরদী পর্যন্ত রেললাইনকে ডাবল লাইনে উন্নীত করতে রেলওয়ের একটি প্রকল্প থাকলেও কাজ চলছে না। গত ১২ই ফেব্রুয়ারি রাজশাহী থেকে সিল্ক সিটি এক্সপ্রেস ট্রেন প্রথমবারের মতো যাত্রী নিয়ে যমুনা রেলসেতু পার হয়ে ঢাকায় পৌঁছায়। পরীক্ষামূলকভাবে ট্রেন চালানোর সময় একটি ট্রেন ঘণ্টায় ১২০ কিলোমিটার বেগে সেতুটি অতিক্রম করে। যমুনা রেলসেতু প্রকল্পের পরিচালক আল ফাত্তাহ মাসউদুর রহমান জাগো নিউজকে বলেন, 'রেল সেতুতে দুটি লাইন রয়েছে। প্রথম পর্যায়ে একটি লাইনে প্রতিদিন ৩৪টি ট্রেন চলাচল করছে। আজ থেকে ঘণ্টায় ১০০ কিলোমিটার গতিতে দিনে কমপক্ষে ৮৮টি ট্রেন দ্রুত গতিতে সেতু পারাপার হতে পারবে। এতে অবশ্যই সময় সাশ্রয় হবে। কারণ পুরোনো সেতুতে ওঠার আগে ট্রেন থামতে হতো। বিপরীত দিক থেকে আসা ট্রেন পাসিং না হওয়া পর্যন্ত ট্রেনটিকে অপেক্ষা করতে হতো। এভাবে ৩০ থেকে ৪০ মিনিট কেটে যেত। নতুন সেতু চালুর কারণে এই অপেক্ষা আর রইলো না।' সেতু নির্মাণে ব্যয় হয়েছে ১৬ হাজার ৭৮০ দশমিক ৯৬ কোটি টাকা। যার ৭২ দশমিক ৪ শতাংশ ঋণ হিসেবে দিয়েছে জাপান আন্তর্জাতিক সহযোগিতা সংস্থা, জাইকা এবং বাকি অর্থ সরকার দিয়েছে। জাপানের ওটিজি এবং আইএইচআই যৌথভাবে সেতুটি নির্মাণ করেছে। এরআগে ২০২০ সালের ২৯ নভেম্বর সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভার্চুয়ালি এ সেতুর নির্মাণকাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। পরবর্তী ২০২১ সালের মার্চে পিলার নির্মাণের জন্য পাইলিংয়ের কাজ শুরু হয়। ৪ দশমিক ৮ কিলোমিটার দৈর্ঘ্যের এ রেল সেতু দেশের দীর্ঘতম প্রথম ডাবল ট্রাকের ডুয়েল গেজের সেতু। (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৫ প্রতীক)

## ইদের আগে-পরে ১০ দিন বাল্কহেড চলাচল বন্ধ থাকবে

অন্য বছরগুলোর মতো এবারও ইদুল ফিতরের আগে পাঁচ দিন এবং পরে পাঁচ দিনসহ মোট ১০ দিন বাল্কহেড চলাচল বন্ধ রাখার নির্দেশনা দিয়েছে নৌ পরিবহন মন্ত্রণালয়। মঙ্গলবার, ১৮ই মার্চ দুপুরে নৌ পরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে আয়োজিত সভায় জুম প্ল্যাটফর্মে সংযুক্ত হয়ে নৌপরিবহন উপদেষ্টা ব্রিগেডিয়ার জেনারেল অবসরপ্রাপ্ত ড. এম সাখাওয়াত হোসেন এ নির্দেশনা দেন। ইদুল ফিতর উপলক্ষে দেশের বিভিন্ন নৌপথে জলযান সুষ্ঠুভাবে চলাচল এবং যাত্রীদের নিরাপত্তা নিশ্চিতকরণসহ যথাযথ কর্মপন্থা গ্রহণে এ সভা হয়। নৌপরিবহন মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। সভায় উপদেষ্টা বলেন, 'যাত্রীদের নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে দূরপাল্লার লঞ্চগুলোতে সশস্ত্র আনসার মোতায়েন করা হবে। নৌ পুলিশ, কোস্ট গার্ড, এবং বাংলাদেশ নৌবাহিনীকে নৌপথের বিশেষ অপরাধ প্রবণ জায়গাগুলোতে বিশেষ টহল কার্যক্রম পরিচালনা করার জন্য নির্দেশ দেওয়া হয়েছে।' তিনি বলেন, 'এছাড়াও বিভিন্ন গন্তব্যের যাত্রী ও যানবাহনকে ফেরি ও যাত্রীবাহী জাহাজে সার্বক্ষণিক সেবা প্রদানের জন্য বিআইডব্লিউটিসির কন্ট্রোল রুম চালু করা হয়েছে। সম্মানিত যাত্রী ও যানবাহনকে প্রয়োজনে ০২২২৩৩৬২৭৭৯ ও ০১৪০৪৪৪৩৭০৭ নম্বরে যোগাযোগ করে সেবা গ্রহণের অনুরোধ জানানো হচ্ছে।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৫ প্রতীক)

## ভোগান্তি এড়াতে আগেই ঢাকা ছাড়ছেন অনেকে, কমলাপুরে ভিড়

ইদে নাড়ির টানে বাড়ি ফেরেন মানুষ। ঢাকা থেকে রেলপথে বাড়ি ফিরতে টিকিট পাওয়ার জন্য অনেকটা যুদ্ধই করতে হয় যাত্রীদের। কয়েক হাজার টিকিটের অপেক্ষায় থাকেন লাখের বেশি যাত্রী। তবে টিকিট পান না অনেকেই। যাত্রা আরামদায়ক ও সুবিধাজনক হওয়ায় অনেকেই রেলপথকে বেছে নেন। আগামী ২৪ মার্চ থেকে ট্রেনে ইদযাত্রা শুরু হবে। তবে এর আগেই বাড়ি ফিরছেন অনেকে। মঙ্গলবার দুপুরে সরেজমিনে কমলাপুর রেল স্টেশন এলাকা ঘুরে এমন চিত্র দেখা গেছে। স্টেশন সংশ্লিষ্টরা বলছেন, ইদযাত্রা শুরু না হলেও অনেকে আগেভাগে বাড়ি ফিরছেন। অনেকেই হয়তো টিকিট সংগ্রহ করতে পারেন না, এজন্য তারা আগেই ঢাকা ছাড়েন। স্টেশনে আসা যাত্রীদের সঙ্গে কথা বলে জানা যায়, তারা ভোগান্তি এড়াতে পরিবারের সদস্যদের আগেই গ্রামে পাঠিয়ে দিচ্ছেন। কেননা ইদের সময় যাত্রীদের বাড়তি চাপ থাকায় প্রচুর ভোগন্তি পোহাতে হয়। সেজন্যই তারা এমন সিদ্ধান্ত নিয়েছেন।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৫ প্রতীক)

## বাংলাদেশের হিন্দুদের নিয়ে করা প্রশ্ন এড়িয়ে গেলেন ট্যামি ব্রুস

বাংলাদেশে হিন্দুদের নিরাপত্তা সম্পর্কে করা প্রশ্নের উত্তর এড়িয়ে গেলেন মার্কিন পররাষ্ট্র দফতরের মুখপাত্র ট্যামি ব্রুস। তিনি বিষয়গুলোকে কূটনৈতিক আলোচনার বিষয় উল্লেখ করে আগাম কোনো মন্তব্য করতে অস্বীকৃতি জানিয়েছেন। দেশটির স্থানীয় সময় সোমবার এক সাংবাদিকের প্রশ্নের জবাবে এভাবেই প্রতিক্রিয়া জানান ট্যামি ব্রুস। ব্রিফিংয়ে এক প্রশ্নকারী বাংলাদেশে সংখ্যালঘুদের নিরাপত্তা নিয়ে প্রশ্ন করেন। তিনি বলেন, 'মার্কিন নির্বাচনের কয়েকদিন আগে তখন প্রেসিডেন্ট ট্রাম্প প্রার্থী ছিলেন। তিনি বাংলাদেশে হিন্দুদের ওপর আক্রমণ নিয়ে উদ্বেগ প্রকাশ করেছিলেন। এখন যেহেতু পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও প্রায় ৬০ দিন ধরে দায়িত্বপালন করছেন, সেই হিসেবে বাংলাদেশে হিন্দুদের পরিস্থিতি সম্পর্কে তার মূল্যায়ন কী এবং তিনি কী পদক্ষেপ নিচ্ছেন?' এর জবাবে ট্যামি ব্রুস বলেন, 'আচ্ছা, আবারো বলছি, আপনি প্রেসিডেন্ট ট্রাম্পের কথা বলছেন যে অন্য দেশে কী ঘটছে তা নির্দিষ্ট কিছু দিক দিয়ে যুক্তরাষ্ট্র এবং ট্রাম্প

প্রশাসন কীভাবে দেখে থাকে।' এক্ষেত্রে প্রশ্নকারী বিষয়টি বাংলাদেশ সম্পর্কিত বলে উল্লেখ করেন। এর জবাবে ট্যামি ব্রুস বলেন, 'পররাষ্ট্রমন্ত্রী অবশ্যই এ বিষয়ে নেওয়া সিদ্ধান্তের প্রকৃতি সম্পর্কে তার দৃষ্টিভঙ্গি অনুসরণ করেন।' ট্যামি বলেন, 'যখন আলোচনা, কূটনৈতিক বিবেচনা এবং এর সঙ্গে জড়িত পক্ষগুলোর মধ্যে কথোপকথন এবং কী ঘটতে পারে সেই কথা আসে, তখন আমি এখানে অনুমান করে বলতে চাই না যে ফলাফল কী হবে। আপনিও চান না যে আমি সেটা করি।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৫ প্রতীক)

**কলকাতায় বাংলাদেশি পর্যটকের অভাব : বন্ধ হয়ে যাচ্ছে হোটেল-রেস্তোরাঁ-পরিবহনসেবা**

দিন কয়েক আগেকার কথা। কলকাতা থেকে নিয়মিতভাবে বাংলাদেশে যাত্রীসেবা দিতো সেন্টমার্টিন পরিবহন। কলকাতা থেকে ঢাকাসহ বাংলাদেশের শহরগুলোতে চলাচলকারী অন্যান্য পরিবহনের মতো দুই দেশের যাত্রীদের কাছে ভরসাযোগ্য হয়ে উঠেছিল সেন্টমার্টিন পরিবহন। কিন্তু হঠাৎ করেই ছন্দপতন। পশ্চিমবঙ্গের রাজধানী কলকাতার মারকুইস স্ট্রিটের সেই সেন্টমার্টিন পরিবহনটির কাউন্টার এখন পরিণত হয়েছে কেবলই একটি বস্ত্রালয়ে। যার নেপথ্যে রয়েছে বাংলাদেশের রাজনৈতিক পট পরিবর্তন। গত ৫ই আগস্ট ছাত্র আন্দোলনের মুখে শেখ হাসিনার দেশত্যাগের পরপরই নিরাপত্তার কারণ দেখিয়ে ভিসা সার্ভিস বন্ধ করে দেয় ভারত সরকার। এমন অবস্থায় ৫ই আগস্টের পরেও প্রথম কয়েক মাস বাংলাদেশি পর্যটকরা কলকাতায় এলেও দিন যত এগোতে থাকে পর্যটকের সংখ্যাও লাফিয়ে কমতে থাকে। এক সময় মিনি-বাংলাদেশ বলে খ্যাত কলকাতার এই নিউমার্কেটে বাংলাদেশি পর্যটক শূন্য হয়ে পড়ে। যার আঁচ পড়েছে স্থানীয় ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোতে। যাত্রী সংখ্যা তলানিতে ঠেকে যাওয়ায় পরিবহন সংস্থা থেকে পোশাকের দোকানের মালিক বনে যাওয়া মোহাম্মদ সরোজ খান জানান, 'যাত্রী নেই, বাংলাদেশিরা আসছে না। তাই দোকানও পরিবর্তন করেছি। প্রতিমাসে এক লাখ ৪০ হাজার রুপি ভাড়া দিতে হয়। বাস যদি না চলে সেখানে পরিবহনের ব্যবসা রেখে লাভ কি? বর্তমানে টুরিস্ট ভিসা নেই, মেডিকেল ভিসা নিয়েও খুব কম যাত্রী এপারে আসছেন। ফলে ব্যাবসা বদল করা ছাড়া অন্য কোন উপায় নেই। কারণ পেট তো চালাতে হবে।' মোহাম্মদ সরোজ খান আরো বলেন, 'পরিবহন ব্যবসা যখন রমরমা ছিল তখন দিনে ১৫ থেকে ২০টা গাড়ি যাতায়াত করতো। আর এখন ৩ থেকে ৪টা গাড়ি চলছে। ফলে আমাকে ব্যবসা পরিবর্তন করতে হয়েছে।' এদিকে চিটাগং রেস্টুরেন্টের কর্ণধার আবুজার কামা বলেন, 'গত ৫ই আগস্টের পর থেকেই নিউমার্কেটে যত হোটেল বা রেস্টুরেন্ট ব্যবসা আছে, ঠেলাগাড়ি, রিক্সাওয়ালা, সিএনজি আছে-তাদের সকলেরই ব্যবসা বন্ধ, প্রায় শূন্য হয়ে গেছে।' তিনি জানান, 'আমার দোকানে প্রায় ২০ জন কাজ করতো, সবার রোজগার চলে গেছে। কবে ঠিক হবে জানা নেই।' নিউ মার্কেটে চত্বরে প্রায় ২০টা ভাতের হোটেল এবং ২৫টা গেস্ট হাউজ বন্ধ হয়ে গেছে বলেও দাবি তার। তিনি বলেন, 'যাদের আগে থেকে ভিসা নেওয়া ছিলো তারা কলকাতায় এসেছিলেন কিন্তু জানুয়ারি মাস থেকে বাংলাদেশি পর্যটক আসা প্রায় পুরোপুরি বন্ধ হয়ে গেছে।' এমন অবস্থায় বিকল্প রোজগারের চিন্তা-ভাবনা করছেন ঐ হোটেল ব্যবসায়ী। কলকাতার মার্কুইস স্ট্রিট-ফ্রি স্কুল স্ট্রিট ওয়েলফেয়ার সোসাইটির যুগ্ম-সচিব মনতোষ সরকার জানান, '১৫ রোজার পর বহু পর্যটক বিশেষ করে বাংলাদেশিরা এই নিউমার্কেট এলাকায় আসতো, এখানে কেনাকাটা করতো কিন্তু এবারে সেই চিত্রটাও আলাদা। ভিসা জটিলতার কারণে কোনো পর্যটকই আসতে পারছেন না। ফলে হোটেল, পরিবহনসহ বাংলাদেশি পর্যটকদের সঙ্গে যুক্ত ব্যবসায়ীরা খুবই খারাপ অবস্থায় রয়েছেন। দিনদিন পরিস্থিতি আরো খারাপের দিকে যাচ্ছে। তবে ভবিষ্যতে কি হবে তা আমাদের জানা নেই।'
(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৫ প্রতীক)

**ক্রিকেট দলের ছদ্মবেশে মালয়েশিয়ায় প্রবেশ : ১৫ বাংলাদেশি আটক**

ছদ্মবেশে মালয়েশিয়ায় প্রবেশের সময় কুয়ালালামপুর আন্তর্জাতিক বিমানবন্দরে ১৫ বাংলাদেশিকে আটক করা হয়েছে। স্থানীয় সময় সোমবার তাদের আটক করে সীমান্ত নিয়ন্ত্রণ ও সুরক্ষা সংস্থা বিভাগ। মঙ্গলবার, ১৮ই মার্চ একেপিএস এক বিবৃতিতে জানিয়েছে, ক্রিকেট দলের ছদ্মবেশে ১৫ জন বাংলাদেশির মালয়েশিয়ায় প্রবেশের চেষ্টাকালে তাদের আটক করা হয়। একেপিএস জানিয়েছে, ১৫ জনের দলটি ক্রিকেটারদের পোশাক পরে এবং টুর্নামেন্টের আমন্ত্রণপত্র উপস্থাপন করে কর্তব্যরত কর্মকর্তাদের বিভ্রান্ত করার চেষ্টা করেছিল। তবে, তদন্তে দেখা গেছে যে চিঠিটি ভুয়া। দাবি করা হয়েছে, ২১ থেকে ২৩শে মার্চ পর্যন্ত কোনো ক্রিকেট টুর্নামেন্ট হওয়ার কথা ছিল না। আরো সন্দেহজনকভাবে, তারা একজন 'স্পন্সর'কে জামিনদার হিসেবে নেওয়ার চেষ্টা করেছিল। তবে উপস্থিত ব্যক্তি স্বীকার করেছেন যে, তার কাছে টুর্নামেন্ট সম্পর্কে কোনো তথ্য ছিল না এবং তিনি শুধু একটি কোম্পানির প্রতিনিধি হিসেবে কাজ করছিলেন। তদন্তে দেখা গেছে, তারা ক্রিকেট খেলোয়াড় ছিলো এমন কোনো দৃঢ় প্রমাণ পাওয়া যায়নি। ধারণা করা হচ্ছে, তারা খেলোয়াড়দের ছদ্মবেশে অন্য উদ্দেশ্যে মালয়েশিয়ায় প্রবেশের জন্য একটি সিন্ডিকেটের অংশ ছিলো। একেপিএস তাদের সবার বিরুদ্ধে নট টু ল্যান্ড, এনটিএল ব্যবস্থা নিয়েছে এবং অভিবাসন বিধি অনুসারে পরবর্তী ব্যবস্থা নেওয়া হবে। একেপিএস সতর্ক করে দিয়েছে, যে কোনো ব্যক্তি বা সিন্ডিকেট অবৈধ কাজ বা মানবপাচারের মতো অন্যান্য উদ্দেশ্যে ক্রীড়া ভিসার অপব্যবহারের চেষ্টা করলে তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। এছাড়া দেশের অভিবাসন ব্যবস্থার নিরাপত্তা এবং অখণ্ডতা বজায় রাখাতে কর্তৃপক্ষ সজাগ দৃষ্টি রাখছে বলেও বিবৃতিতে জানানো হয়েছে।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৫ প্রতীক)

## পুলিশি তৎপরতায় ছিনতাই কমেছে : ডিএমপি কমিশনার

অপরাধ প্রতিরোধে ঢাকার অলি-গলিতে নিয়মিত অন্যান্য টহলের পাশাপাশি মোটরসাইকেল টহল আরও বাড়ানো হবে বলে জানিয়েছেন ডিএমপি কমিশনার শেখ মো. সাজ্জাত আলী। পুলিশি তৎপরতায় ছিনতাইয়ের ঘটনা এখন অনেকাংশে কমে এসেছে। এটি ধরে রাখতে হবে বলেও জানান তিনি। মঙ্গলবার, ১৮ই মার্চ রাজারবাগে বাংলাদেশ পুলিশ অডিটোরিয়ামে ফেব্রুয়ারি ২০২৫ মাসের মাসিক অপরাধ পর্যালোচনা সভায় উপস্থিত ডিএমপির পুলিশ কর্মকর্তাদের উদ্দেশ্যে সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। ডিএমপি কমিশনার বলেন, 'রমজান শুরু হওয়ার আগে ছিনতাইয়ের যে গতি ছিল পুলিশি তৎপরতায় তা অনেকাংশে কমে এসেছে। এটি ধরে রাখতে হবে। আমি বিশ্বাস করি আপনাদের আন্তরিক চেষ্টা, মেধা ও অফিসার ম্যানেজমেন্টের কারণে এ সফলতা অর্জিত হয়েছে। সহায়ক পুলিশরাও পুলিশের মতো গ্রেফতার ক্ষমতা প্রয়োগ করবে। এ ব্যাপারে থানা পুলিশ তাদের সহায়তা করবে।' তিনি বলেন, 'জিডি এন্ট্রি হওয়ার এক ঘণ্টার মধ্যে পুলিশ রেসপন্স করবে এবং ঘটনাস্থলের ফ্ল্যাশ রিপোর্ট প্রদান করবে। ' এছাড়াও অপরাধ প্রতিরোধে মোটরসাইকেল টহল বাড়ানোর ওপর জোর দেন তিনি। অলিতে-গলিতে মোটরসাইকেল টহল আরো বাড়ানো হবে উল্লেখ করে ডিএমপি কমিশনার বলেন, 'গ্রেফতারি পরোয়ানা ও সাজা পরোয়ানা তামিলে জোর দিতে হবে। আসন্ন ঈদে পুলিশের পাশাপাশি মহানগরবাসীকে নিজ নিজ বাসা-বাড়ি ও প্রতিষ্ঠানের অধিকতর নিরাপত্তার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হবে।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৫ প্রতীক)

## সোনার দামে নতুন রেকর্ড, ভরি ১ লাখ ৫৪ হাজার ৯৪৫ টাকা

দেশের বাজারে সোনার দাম আবার বাড়ানো হয়েছে। সব থেকে ভালো মানের বা ২২ ক্যারেটের এক ভরি সোনার দাম এক হাজার ৪৭০ টাকা বাড়িয়ে এক লাখ ৫৪ হাজার ৯৪৫ টাকা নির্ধারণ করা হয়েছে। দেশের বাজারে সোনার এত দাম আগে আর হয়নি। স্থানীয় বাজারে তেজাবী সোনার দাম বাড়ার পরিপ্রেক্ষিতে এ দাম বাড়ানো হয়েছে। বুধবার, ১৯শে মার্চ থেকে নতুন দাম কার্যকর করা হবে বলে জানিয়েছে বাংলাদেশ জুয়েলার্স সমিতি, বাজুস। এতদিন দেশের বাজারে ভালোমানের এক ভরি সোনার দাম সর্বোচ্চ ছিলো ১ লাখ ৫৪ হাজার ৫২৫ টাকা। গত ২১ ফেব্রুয়ারি থেকে ২৩শে ফেব্রুয়ারি পর্যন্ত এ দামে সোনা বিক্রি হয়। এখন সেই রেকর্ড ভেঙে সোনার দাম নতুন উচ্চতায় উঠলো। এদিকে গত ১৭ই মার্চ আর এক দফা সোনার দাম বাড়ানো হয়। সে সময় ভালোমানের এক ভরি সোনার দাম ২ হাজার ৬১৩ টাকা বাড়ানো হয়। দুদিনের মাথায় এখন আবার দাম বাড়ানো হলো। এতে দুদফায় ভালোমানের এক ভরি সোনার দাম বাড়লো ৪ হাজার ৮৩ টাকা। মঙ্গলবার, ১৮ই মার্চ বাজুস স্ট্যান্ডিং কমিটি অন প্রাইসিং অ্যান্ড প্রাইস মনিটরিং কমিটি বৈঠক করে এ দাম কমানোর সিদ্ধান্ত নিয়েছে। পরে কমিটির চেয়ারম্যান মাসুদুর রহমান সই করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৫ প্রতীক)

## ধর্মীয় সম্প্রীতির তথ্য জানতে মার্কিনিদের বাংলাদেশে আসার আমন্ত্রণ জানিয়েছেন প্রধান উপদেষ্টা

বাংলাদেশে ধর্মীয় সম্প্রীতির তথ্য জানতে মার্কিনিদের বাংলাদেশে আসার আমন্ত্রণ জানিয়েছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস। তিনি বলেছেন, 'বাংলাদেশে সংখ্যালঘুদের ওপর হামলা নিয়ে বিপুল পরিমাণ বিভ্রান্তিমূলক তথ্য ছড়ানো হয়েছে, যার কিছু অংশ যুক্তরাষ্ট্রেও পৌঁছেছে এবং এটি সংখ্যালঘু সম্প্রদায়ের মধ্যে উদ্বেগ সৃষ্টি করেছে।' মঙ্গলবার, ১৮ই মার্চ রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় মার্কিন সিনেটর গ্যারি পিটার্স প্রধান উপদেষ্টার সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এসব কথা বলেন। সাক্ষাতে প্রধান উপদেষ্টাকে সিনেটর পিটার্স জানান, তার নির্বাচনি এলাকায় বিশেষত ডেট্রয়ট শহরে বিপুল সংখ্যক বাংলাদেশি বংশোদ্ভূত মানুষ বসবাস করেন। সম্প্রতি সংখ্যালঘুদের ওপর হামলার ঘটনায় তাদের মধ্যে উদ্বেগ রয়েছে বলে তিনি উল্লেখ করেন। এ সময় অধ্যাপক ইউনূস মার্কিন সিনেটরকে বাংলাদেশে বিভিন্ন শহর ও গ্রামে ভ্রমণের আহ্বান জানান এবং অন্যান্য মার্কিন রাজনৈতিক নেতা, সাংবাদিক ও মানবাধিকারকর্মীদের দেশ পরিদর্শনের আমন্ত্রণ জানান, যাতে ধর্মীয় সম্প্রীতি সম্পর্কে প্রকৃত তথ্য জানা যায়। প্রধান উপদেষ্টা বলেন, 'আমরা আপনাদের সহযোগিতা চাই। দয়া করে আপনার বন্ধুদের বাংলাদেশে ভ্রমণের পরামর্শ দিন। এভাবে আমরা এসব বিভ্রান্তিমূলক প্রচারণার বিরুদ্ধে লড়াই করতে পারবো।' অধ্যাপক ইউনূস তার সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করে বলেন, 'জাতি, ধর্ম, বর্ণ, লিঙ্গ নির্বিশেষে প্রতিটি নাগরিকের মানবাধিকার রক্ষা করা হবে।' তিনি জানান, 'গত বছরের আগস্টে পরিবর্তনের পর সংখ্যালঘুদের, বিশেষ করে হিন্দুদের ওপর হামলাগুলো রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত ছিল, ধর্মীয় কারণে নয়। তবে তার সরকার অপরাধীদের বিরুদ্ধে তাৎক্ষণিক ব্যবস্থা নিয়েছে।' এদিকে, বাংলাদেশে নির্বাচন প্রসঙ্গে অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা বলেছেন, 'নির্বাচন অবাধ, সুষ্ঠু ও উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হবে। অতীতে আমরা যেমনটা দেখেছি তেমনি নির্বাচনের দিন বড় ধরনের উদযাপন হবে।' সিনেটর পিটার্স অন্তর্বর্তী সরকারের সংস্কার উদ্যোগ, প্রধান কমিশনগুলোর প্রতিবেদন এবং স্বাধীন ও নিরপেক্ষ নির্বাচন আয়োজনের পরিকল্পনা সম্পর্কে জানতে চান। প্রধান উপদেষ্টা জানান, 'যদি রাজনৈতিক দলগুলো কম সংস্কারেই সম্মত হয়, তাহলে সরকার ডিসেম্বরেই নির্বাচন আয়োজন করবে। তবে দলগুলো যদি অন্তর্বর্তী সরকারের কাছ থেকে বড় ধরনের সংস্কার প্যাকেজ চায়, তাহলে সাধারণ নির্বাচন কয়েক মাস পরে অনুষ্ঠিত হবে।' অধ্যাপক ইউনূস জানান, 'রাজনৈতিক দলগুলো প্রধান কমিশনগুলোর প্রস্তাবিত সংস্কারে সম্মত হলে তারা জুলাই চার্টারে স্বাক্ষর করবে। জুলাই চার্টার দেশটির ভবিষ্যৎ পথ নির্ধারণ করবে।' পিটার্স সরকারের সংস্কার কর্মসূচির প্রশংসা করে বলেন, 'যুক্তরাষ্ট্র বাংলাদেশে একটি শান্তিপূর্ণ

গণতান্ত্রিক পরিবর্তনের প্রত্যাশা করছে।' প্রায় ঘণ্টাব্যাপী এ বৈঠকে দুই নেতা পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয় এবং দুই বন্ধুত্বপূর্ণ দেশের মধ্যে সম্পর্ক আরো গভীর করার উপায় নিয়ে আলোচনা করেন। এ ছাড়া দুই নেতা সামাজিক ব্যবসা, দারিদ্র্যমুক্ত বিশ্ব এবং দারিদ্র্যের বিরুদ্ধে লড়াইয়ে ক্ষুদ্রঋণের ভূমিকা নিয়ে আলোচনা করেন, যা যুক্তরাষ্ট্রসহ সারা বিশ্বের জন্য গুরুত্বপূর্ণ হতে পারে।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৫ প্রতীক)

## ওসমান পরিবারের ১২৬ কোটি টাকা জালিয়াতির অভিযোগ তদন্তের নির্দেশ

নারায়ণগঞ্জের আওয়ামী লীগ নেতা ও সাবেক এমপি শামীম ওসমানের পরিবারের প্রতিষ্ঠান 'কে টেলিকমের' শেয়ার হস্তান্তর প্রক্রিয়ায় জালিয়াতি তথা সরকারের ১২৬ কোটি টাকা জালিয়াতির অভিযোগ তদন্তের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। ৯০ দিনের মধ্যে তদন্ত করে প্রতিবেদন দিতে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, বিটিআরসি ও পুলিশের অপরাধ তদন্ত বিভাগ, সিআইডিকে নির্দেশ দিয়েছেন আদালত। সাখাওয়াত হোসেন নামের এক ভুক্তভোগীর করা রিটের প্রাথমিক শুনানি নিয়ে মঙ্গলবার, ১৮ই মার্চ হাইকোর্টের বিচারপতি ফাতেমা নজীব ও বিচারপতি শিকদার মাহমুদুর রাজীর সমন্বয়ে গঠিত বেঞ্চ রুলসহ এ আদেশ দেন। আদালতে আবেদনের পক্ষে ছিলেন আইনজীবী মোহাম্মদ শিশির মনির। 'সরকারের পাওনা ১২৬ কোটি টাকা, ফাঁকি দিতে অভাবনীয় জালিয়াতি ওসমান পরিবারের'- এ শিরোনামে একটি জাতীয় দৈনিকে গত ১৪ জানুয়ারি প্রকাশিত প্রতিবেদন যুক্ত করে এ রিট করা হয়।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৫ প্রতীক)

## ভোজ্যতেলে কর ছাড় ৩০ জুন পর্যন্ত বাড়ানোর সুপারিশ

ভোজ্যতেলের দাম সহনীয় রাখতে আমদানি পর্যায়ের অব্যাহত শুল্ক-কর ছাড়ের সুবিধা আগামী ৩০শে জুন পর্যন্ত বাড়ানোর সুপারিশ করেছে বাংলাদেশ ট্রেড অ্যান্ড ট্যারিফ কমিশন। মঙ্গলবার, ১৮ই মার্চ জাতীয় রাজস্ব বোর্ড, এনবিআর চেয়ারম্যানকে এ সংক্রান্ত চিঠি দিয়েছে সংস্থাটি। ট্যারিফ কমিশনের যুগ্মপ্রধান এ কে এম মকসুদুল আরেফীন স্বাক্ষরিত চিঠি সূত্রে এ তথ্য জানা গেছে। চিঠিতে বলা হয়, আগামী ৩১শে মার্চ শুল্ক-করের ছাড়ের সুবিধার মেয়াদ শেষ হয়ে যাচ্ছে। গত ১০ই মার্চ বাংলাদেশ ভেজিটেবল অয়েল রিফাইনার্স অ্যান্ড বনস্পতি ম্যানুফ্যাকচারার্স অ্যাসোসিয়েশন এবং সংশ্লিষ্ট আমদানিকারকরা মূসক ও শুল্ক-করাদি রেয়াত সংক্রান্ত এসআরওয়ের মেয়াদ বাড়ানোর জন্য ট্যারিফ কমিশনে আবেদন করেছেন। চিঠিতে বলা হয়, কমিশন ২০২৪ সালের ১লা জুলাই থেকে গত ১৩ই মার্চ পর্যন্ত সময়ে অপরিশোধিত সয়াবিন ও পাম তেলের আন্তর্জাতিক বাজারদরের প্রবণতা পর্যালোচনা করে। এ সময়ে আন্তর্জাতিক বাজারে প্রতি মেট্রিক টন অপরিশোধিত সয়াবিন তেলের এফওবি মূল্য ছিল এক হাজার ৫৪ দশমিক ৭ মার্কিন ডলার এবং প্রতি মেট্রিক টন আরবিডি পাম তেলের মূল্য ১ হাজার ৬৩ দশমিক ৫ মার্কিন ডলার। বর্তমানে প্রতি মেট্রিক টন অপরিশোধিত সয়াবিন তেলের এফওবি মূল্য দাঁড়ায় ৯৭৬ দশমিক ২১ মার্কিন ডলার এবং আরবিডি পাম তেলের মূল্য দাঁড়ায় এক হাজার ১২৫ মার্কিন ডলার। সয়াবিন তেলের মূল্য কিছুটা হ্রাস পেলেও আরবিডি পাম তেলের দাম বেড়েছে। ভোজ্যতেল হিসেবে দেশে আরবিডি পাম তেলের ব্যবহার প্রায় ৫৫-৬০ শতাংশ। সে হিসেবে আন্তর্জাতিক বাজারে ভোজ্যতেলের গড় মূল্য এখনো স্বাভাবিক হয়নি মর্মে ট্যারিফ কমিশনের কাছে প্রতীয়মান হয়েছে। কমিশন বলছে, সানফ্লাওয়ার ও ক্যানোলা ভোজ্যতেল হিসেবে সারাবিশ্বে জনপ্রিয়। দেশে এ দুটো তেল আমদানিতে সয়াবিন ও পাম তেল অপেক্ষা অধিক হারে শুল্কারোপ করায় স্থানীয় বাজারে পণ্য দুটোর আমদানি নিরুৎসাহিত হয়েছে। আন্তর্জাতিক বাজারে ক্যানোলা ও সানফ্লাওয়ার তেলের মূল্য পাম ও সয়াবিন তেলের কাছাকাছি এবং এদের ব্যবহার পরিপূরক। স্থানীয় বাজারে ভোজ্যতেলের সরবরাহ বৃদ্ধি, ভোক্তাদের স্বার্থে ও সরবরাহে বৈচিত্র্য আনতে এবং স্থানীয় বাজারে ভোজ্যতেলের মূল্যে স্থিতিশীলতা আনতে সয়াবিন ও পাম তেলের মতো সানফ্লাওয়ার ও ক্যানোলা তেল আমদানিতে একই রকম শুল্ক-করারোপ এবং পণ্য দুটোতে অনুরূপ শুল্ক-কর রেয়াতি সুবিধা অব্যাহত রাখা প্রয়োজন।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৫ প্রতীক)

## বাংলাদেশের সংস্কার কার্যক্রমে পূর্ণ সমর্থন কাতারের

বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকারের সংস্কার এজেন্ডার প্রতি কাতার পূর্ণ সমর্থন জানিয়েছে বলে জানিয়েছেন ঢাকায় নিযুক্ত দেশটির রাষ্ট্রদূত সেরায়া আলি আল-কাহতানি। মঙ্গলবার, ১৮ই মার্চ রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করে রাষ্ট্রদূত তার সরকারের এ বার্তা পৌঁছে দেন। বাংলাদেশকে সব ধরনের সহায়তা দিতে কাতার আগ্রহী বলেও প্রধান উপদেষ্টাকে জানান রাষ্ট্রদূত। এ সময় ড. ইউনূস বলেন, এটি অত্যন্ত চমৎকার সংবাদ।' তিনি কাতারের আমিরকে এ সহায়তার জন্য ধন্যবাদ জানান এবং বাংলাদেশকে ঘনিষ্ঠ বন্ধু হিসেবে পাশে থাকার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। প্রধান উপদেষ্টা কাতারের সঙ্গে বাণিজ্য ও বিনিয়োগ সম্পর্ক আরও গভীর করার প্রয়োজনীয়তার ওপর জোর দেন। তিনি কাতারের ব্যবসায়ীদের বাংলাদেশে বিনিয়োগ ও তাদের কারখানা দেশের বিভিন্ন অর্থনৈতিক অঞ্চলে স্থানান্তরের আহ্বান জানান। প্রধান উপদেষ্টা আরো বলেন, 'বাংলাদেশ এখন ব্যবসার জন্য প্রস্তুত। কাতারের ব্যবসায়ীরা এখানে বিনিয়োগের সুযোগ খুঁজে নিতে পারবেন।' আগামী এপ্রিলে ঢাকায় একটি বিনিয়োগ সম্মেলন আয়োজন করা হবে বলে জানান তিনি। রাষ্ট্রদূত আমন্ত্রণের প্রশংসা করেন এবং আশা প্রকাশ করেন যে, তার দেশ থেকে আরও ব্যবসায়ী শিগগির বাংলাদেশ সফর করবেন। ড. ইউনূস তার সরকারের সংস্কার কর্মসূচি

এবং রাজনৈতিক দলগুলোর সঙ্গে সংলাপের জন্য গঠিত ঐকমত্য কমিশনের কাজের বিষয়টি রাষ্ট্রদূতকে অবহিত করেন। এপ্রিলে একটি আন্তর্জাতিক সম্মেলনে যোগ দিতে তার কাতার সফরে যাওয়ার কথা রয়েছে বলেও জানান প্রধান উপদেষ্টা। (জাগো এফএম ওয়েব পেজ : ১৮.০৩.২০২৫ প্রতীক)

**রাজধানীতে ছিনতাইয়ের প্রস্তুতিকালে দেশিয় অস্ত্রসহ গ্রেফতার ২**

রাজধানীর পাটুয়াটুলি এলাকা থেকে ছিনতাইয়ের প্রস্তুতিকালে দেশিয় অস্ত্রসহ পেশাদার দুই ছিনতাইকারীকে গ্রেফতার করেছে ডিএমপির কোতয়ালী থানা পুলিশ। মঙ্গলবার (১৮মার্চ) রাতে ডিএমপির মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেসন্স বিভাগের উপ-পুলিশ কমিশনার (ডিসি) মুহাম্মদ তালেবুর রহমান এ তথ্য নিশ্চিত করেন। পুলিশ সূত্রে জানা গেছে, সোমবার (১৭ মার্চ) রাত সাড়ে ১১টায় কোতয়ালীর পাটুয়াটুলির বাটা শো-রুমের সামনে থেকে তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃতরা হলেন, মো. ফাহিম আহমেদ (২১) ও আব্দুল কাদির (৩৮)। কোতয়ালী থানার বরাত দিয়ে ডিসি তালেবুর রহমান বলেন, সোমবার থানার একটি টহল টিম ওয়ারেন্ট তামিল ও মাদক উদ্ধারের ডিউটি করাকালীন জানতে পারে যে কতিপয় দুষ্কৃতকারী পাটুয়াটুলি এলাকায় ছিনতাইয়ের উদ্দেশ্যে দেশিয় অস্ত্রসহ অবস্থান করছেন। ওই তথ্যের ভিত্তিতে টহল টিমটি রাত সাড়ে ১১টার দিকে নির্দিষ্ট স্থানে সেখানে পৌঁছায়। পুলিশের উপস্থিতি টের পেয়ে দুজন দুষ্কৃতকারী পালিয়ে যেতে পারলেও ফাহিম ও কাদিরকে গ্রেফতার করা সম্ভব হয়। এসময় তাদের কাছে থেকে দুটি ধারালো চাকু উদ্ধার করা হয়। এ ঘটনায় গ্রেফতারকৃত ও পলাতকদের বিরুদ্ধে বংশাল থানায় নিয়মিত মামলা করা হয়েছে। ডিসি তালেবুর বলেন, গ্রেফতার হওয়া ফাহিম ও কাদির সংঘবদ্ধ ছিনতাইকারী দলের সক্রিয় সদস্য। তারা কোতয়ালী থানা এলাকাসহ ঢাকা শহরের বিভিন্ন এলাকায় ছিনতাই করতেন। তাদের বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন। আর পলাতকদের গ্রেফতারে অভিযান ও মামলার সুষ্ঠু তদন্ত অব্যাহত রয়েছে।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৯.০৩.২০২৫ নারগীস)

**আরসার প্রধানসহ গ্রেফতার ১০, নগদ ৫১ লাখ টাকাসহ, ডলার-রিঙ্গিত জব্দ**

নাশকতামূলক কর্মকাণ্ড করতে গোপন বৈঠকের সময় নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জ ও ময়মনসিংহে পৃথক অভিযান চালিয়ে রোহিঙ্গাদের সশস্ত্র বিদ্রোহী সংগঠন আরাকান রোহিঙ্গা স্যালভেশন আর্মির (আরসা) ১০ সদস্যকে গ্রেফতার করেছে র‍্যাব। এসময় তাদের কাছ থেকে নগদ ৫১ লাখ ৩৯ হাজার ১০০ টাকাসহ, মার্কিন ডলার ও মালয়েশিয়ান রিঙ্গিত জব্দ করা হয়েছে। গ্রেফতার ব্যক্তিরা হলেন মিয়ানমারের আরাকান রাজ্যের আতাউল্লাহ ওরফে আবু আম্বার জুনুনী (৪৮), মোস্তাক আহাম্মদ (৬৬), সলিমুল্লাহ (২৭), ময়মনসিংহের ঈশ্বরগঞ্জ থানার চর আলগী এলাকার আতিকুল ইসলামের ছেলে মনিরুজ্জামান (২৪), আসমত উল্লাহ (৪০) ও মো. হাসান (৪৩), সলিমুল্লাহর স্ত্রী আসমাউল হোসনা (২৩) ও আরাকান রাজ্যের ১৫ বছর বয়সী এক কিশোর, মোসাম্মত শাহিনা (২২) ও ১৭ বছর বয়সী কিশোরী। তাদের মধ্যে মনিরুজ্জামান সিদ্ধিরগঞ্জের ভূমি পল্লী এলাকায় ভাড়া থাকতেন। আর সলিমুল্লাহ, মোসাম্মত শাহিনা ও ১৭ বছর বয়সী কিশোরী কক্সবাজারের উখিয়া উপজেলার ৪ নম্বর রোহিঙ্গা ক্যাম্পে থাকতেন। মঙ্গলবার (১৮ মার্চ) র‍্যাব সদর দপ্তরের লিগ্যাল অ্যান্ড মিডিয়া উইংয়ের পরিচালক লেফটেন্যান্ট কর্নেল আশিকুর রহমান এসব তথ্য জানান। তিনি বলেন, গোয়েন্দা সংবাদের মাধ্যমে র‍্যাব-১১ এর আভিযানিক দল ১৬ মার্চ ও ১৭ মার্চ ২টি টিমে বিভক্ত হয়ে নারায়ণগঞ্জের সিদ্ধিরগঞ্জ থানার ভুমিপল্লী আবাসিক এলাকায় ও ময়মনসিংহের নতুন বাজার মোড়ে অবস্থিত নতুন বাজার গার্ডেন সিটিতে অভিযান চালিয়ে আরসার প্রধান আতাউল্লাহসহ ১০ জনকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারের সময় তাদের কাছ থেকে মোট ৫১ লাখ ৩৯ হাজার ১০০ নগদ টাকা, ইউএস ডলার ও রিঙ্গিতসহ অন্যান্য কিছু বৈদেশিক মুদ্রা, আরসার কমবাট ইউনিফর্ম, মোবাইল ফোন, চাকু স্টিলের চেইন ও ঘড়িসহ কিছু আলামত জব্দ করা হয়। গ্রেফতার ব্যক্তিদের মধ্যে আতাউল্লাহ ওরফে আবু আম্বার জুনুনী আরাকান রোহিঙ্গা স্যালভেশন আর্মির প্রধান বলে কক্সবাজারের রোহিঙ্গা আশ্রয়শিবির ও আইনশৃঙ্খলা বাহিনী সূত্রে জানা গেছে। আতাউল্লাহ আলোচিত রোহিঙ্গা নেতা মুহিবুল্লাহকে খুনের নির্দেশদাতা ছিলেন বলে আদালতের জবানবন্দিতে জানিয়েছেন এই হত্যা মামলায় গ্রেফতার চার আসামি। বান্দরবানের নাইক্ষ্যংছড়ির তুমব্রু সীমান্তে মাদকবিরোধী যৌথ অভিযানে ডিজিএফআইয়ের কর্মকর্তা (স্কোয়াড্রন লিডার) রিজওয়ান রুশদী হত্যা মামলার অভিযোগপত্রভুক্ত আসামি আরসার প্রধান কমান্ডার আতাউল্লাহ।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৯.০৩.২০২৫ নারগীস)

# BBC

**CURFEW IN INDIA CITY AFTER VIOLENCE OVER MUGHAL EMPEROR'S TOMB**

A curfew has been imposed in parts of a city in India's western state of Maharashtra after Hindu groups demanded the removal of the tomb of Aurangzeb, a 17th-Century Mughal emperor, sparking violence on Monday night. Vehicles were set on fire and stones were thrown in the Mahal area of Nagpur city. Police say the situation is now under control and are appealing to people to keep the peace. The tomb of Aurangzeb, who died more than 300 years ago, has in recent years become a political flashpoint amid growing calls for its removal by hardline Hindu groups. (BBC News Web Page: 18/03/25, FARUK)

**POLAND AND BALTICS TO QUIT LANDMINE TREATY OVER RUSSIA FEARS**

Poland and the Baltic states have announced plans to withdraw from a key international treaty banning anti-personnel landmines, citing the rising threat from Russia. In a joint statement, the defence ministers of Estonia, Latvia, Lithuania and Poland said since signing the Ottawa Treaty, threats from Moscow and its ally Belarus have "significantly increased". It is "paramount" to give their troops "flexibility and freedom of choice" to defend NATO's eastern flank, they said. The Ottawa Treaty, also known as the Mine Ban Treaty, came into force in 1997. It aims to ban anti-personnel mines - those aimed at humans - worldwide, and has been signed by more than 160 countries. (BBC News Web Page: 18/03/25, FARUK)

**ISRAEL LAUNCHES WAVES OF STRIKES ON GAZA WITH MORE THAN 400 KILLED**

The Israeli military says it is carrying out "extensive strikes" in the Gaza Strip, with the Hamas-run health ministry reporting that at least 400 Palestinians have been killed. The Israel Defense Forces (IDF) said it was targeting what it called "terror targets" belonging to Hamas. Mahmoud Abu Wafah, the deputy interior minister in Gaza and the highest-ranking Hamas security official in the territory, has reportedly been killed in a strike. This is the largest wave of airstrikes in Gaza since the ceasefire began on 19 January. Talks to extend the Gaza ceasefire have failed to reach an agreement. Many people were having their pre-dawn meal, due to it being the holy month of Ramadan, when explosions started in Gaza, witnesses say. (BBC News Web Page: 18/03/25, FARUK)

**TRUMP SAYS 'MANY ELEMENTS' AGREED TO AHEAD OF PUTIN CALL**

US President Donald Trump says "many elements" of a peace agreement in Ukraine have been agreed with his Russian counterpart, Vladimir Putin, ahead of their much anticipated phone call. Trump posted on Truth Social that he will speak with Putin on Tuesday morning. He said that while there have been agreements, "much remains" to be worked upon. "Each week brings 2,500 soldier deaths, from both sides, and it must end NOW. I look very much forward to the call with President Putin," Trump wrote. He earlier told reporters that "we're going to see if we can work a peace agreement, a ceasefire and peace, and I think we'll be able to do it". (BBC News Web Page: 18/03/25, FARUK)

**TRUMP WARNS IRAN OF 'DIRE' CONSEQUENCES OVER HOUTHI ATTACKS**

US President Donald Trump has warned Iran that it will face "dire" consequences if Yemen's Houthis continue to attack international shipping lanes. He said the Iranian leadership would be held responsible for "every shot fired by the Houthis", which have long been backed by Tehran. The group later said it had targeted a US aircraft carrier three times in the past two days. The Houthis first tried to attack the USS Harry S Truman in the Red Sea on Sunday following deadly US strikes in Yemen. The Pentagon said it had struck 30 targets in Yemen since Saturday, in the biggest US military operation in the Middle East since Trump returned to the White House. (BBC News Web Page: 18/03/25, FARUK)

## :: The End ::